পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় ২০১৮-২০১৯ অর্থবছেরর এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সারসংক্ষপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০৬ টি	০৬ টি	-	--	০২ টি	৩টি	৩৩.৩৩% ১২০.০০%	-	১.২৪% ৪৮.৮৪%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০৬টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
তাঁত শুমারি, ২০১৭	৭৬৬.৩৪	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন , ২০১৯
কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ (১ম সংশোধিত)	**৩৯৮.০০**	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৯
মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (২য় পর্যায়) (১ম সংশোধিত)	৩,৩৪৪.৫৪	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৯
হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) (২য় সংশোধিত)	১,৫৬৯.৭৩	১ জুলাই, ২০১৪ হতে ৩১ ডিসেম্বর, ২০১৮
ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন (২য় সংশোধিত)	৬৯৪.৫২	০১ এপ্রিল-২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৮
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকায়ন এবং শক্তিশালীকরণ (১ম সংশোধিত)	২৮০.০০	০১ এপ্রিল, ২০১৭ হতে ৩১ ডিসেম্বর, ২০১৮

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ (১ম সংশোধিত)	অর্থছাড় বিলম্ব হওয়ায় জরিপ কার্যক্রম দেরীতে সম্পন্ন করা হয়েছে। জরিপের রাইটিং ইত্যাদি কার্যক্রম বাকী থাকায় এবং একজন সিনিয়র পরামর্শক ও একজন জুনিয়র পরামর্শক নিয়োগ করার জন্য প্রকল্প সংশোধনের প্রয়োজন ছিল। তাছাড়া কিছু কিছু খাতে প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দ কম হওয়ায় উক্ত খাতগুলোতে অর্থ বৃদ্ধির জন্য আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন ছিল বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিত এ প্রকল্পের মেয়াদ আরো ছয়মাস বৃদ্ধিপূর্বক ডিসেম্বর, ২০১৮ এর পরিবর্তে জুন, ২০১৯ পর্যন্ত এবং আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়সহ ডিপিপি সংশোধন করা হয়।
মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (২য় পর্যায়) (১ম সংশোধিত)	২০১৯ সালের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য স্থানীয় মহিলা রেজিষ্ট্রার, সুপারভাইজার, সুপারভাইজিং কর্মকর্তাদের ২০১৮

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
	সালের ডিসেম্বর মাসের অনুষ্ঠিত Refresher Training এর অর্থের সংস্থান প্রকল্পের ডিপিপিতে না থাকায় এবং তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত ২০১২ জন সুপারভাইজারের মাসিক যাতায়াত ভাতার অর্থ প্রয়োজনের তুলনায় স্বল্প হওয়ায় যাতায়াত ভাতা জন প্রতি মাসিক ৩৫০/- হতে ৭০০/- টাকায় উন্নীতকরণ করায় প্রকল্প সংশোধনের প্রয়োজন। তাছাড়া কিছু কিছু খাতে প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দ কম হওয়ায় উক্ত খাতগুলোতে অর্থ বৃদ্ধি করায় প্রকল্পটি সংশোধন করা হয়।
হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) (২য় সংশোধিত)	প্রকল্পের মূল দলিল তৈরীর সময়ে প্রকল্পের প্রধান কার্যক্রম Household Income and Expenditure Survey (HIES) শীর্ষক জরিপের মাধ্যমে পূর্বের অন্যান্য HIES জরিপের ন্যায় বিভাগীয় পর্যায়ে দারিদ্র্য নিরুপণের পরিকল্পনা করা হয়েছিল। বর্তমানে জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন নীতি প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য দেশের জেলা পর্যায়ে দারিদ্র্য পরিমাপ করা প্রয়োজন। এ প্রেক্ষিতে ১ম সংশোধিত প্রকল্পে (DPP) এর ৭২০টি PSU এর পরিবর্তে ২২৪০টি PSU নির্ধারণ করা হয়। ফলে প্রকল্প মেয়াদ অপরিবর্তিত রেখে প্রাক্কলিত ব্যয় ১ম সংশোধন করা হয়। প্রয়োজনীয়তার নিরিখে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২০২.৫০ লক্ষ টাকা থেকে হ্রাস করে ১৫৬৯.৭৩ লক্ষ নির্ধারণ করা হয় এবং মেয়াদকাল ৩০ জুলাই, ২০১৮ তারিখ থেকে বৃদ্ধি করে ডিসেম্বর, ২০১৮ করা হয় এবং খ্রি: মোতাবেক প্রকল্পটির মেয়াদ ব্যয় পূর্বক স্থলে টাকায় ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ৬ মাস বৃদ্ধি করা হয়।
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকায়ন এবং শক্তিশালীকরণ **(১ম সংশোধিত)**	পরিসংখ্যান ভবনের প্রধান ফটকের নকশা পুন:নির্ধারণ এবং কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ও বিদেশ প্রশিক্ষণ, সেমিনারে অংশগ্রহণ; জাতির পিতার ম্যুরাল ও মুক্তিযুদ্ধের টেরাকোটা স্থাপনের লক্ষ্যে প্রকল্পটির বাজেট ৩২৭.০০ লক্ষ টাকার স্থলে ২৮০.০০ লক্ষ টাকাসহ বাস্তবায়নকাল ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী প্রতি বছরের শেষভাগে ঐ বছরের প্রতিবেদন প্রকাশ করার কথা। কিন্তু প্রকল্প সংশোধনের কারণে প্রকৃতপক্ষে চুড়ান্ত প্রতিবেদন প্রকাশ করতে প্রায় ৬ (ছয়) মাস বিলম্ব হয়েছে। প্রতিবেদন বিলম্বে প্রকাশের কারণে প্রতিবেদনের তথ্যের কার্যকারিতা হ্রাস পায়।	প্রতিবেদন বছর ভিত্তিক প্রকাশ করতে হবে। বিলম্বে প্রতিবেদন প্রকাশিত হলে এর কার্যকারিতা অনেকাংশে কমে যায়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করা হলে সময়মতো প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাকে আরো তৎপর হতে হবে;
বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন UNDPA এর সহায়তা অন্য একটি প্রকল্প “স্ট্রেংদেনিং ক্যাপানিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রফিক ডাটা কালেকশন ইউজিং জিআএস” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আলোচ্য	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাঠ পর্যায়ের সংগৃহিত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করার উদ্যোগ নিতে হবে যা প্রতিবেদন যথাসময়ে প্রকাশ করার সহায়ক হবে;

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্পের মাঠ পর্যায়ের সংগৃহিত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার ব্যবস্থা করার কথা। সে মোতাবেক সংগৃহীত তথ্য Online-এ এন্ট্রি করা হয়নি মর্মে পরিলক্ষিত হয়েছে।	
প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে চারবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।	ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে; এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের পক্ষ থেকে সজাগ থাকতে হবে;

তাঁত শুমারি, ২০১৭ শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত জুন, ২০১৯)

১.০ প্রকল্পের নাম: তাঁত শুমারি, ২০১৭ শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২.০ প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩.০ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি

৩.১ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

৪.১ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৫.০ (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৭৭৯.৮৪	৭৭৯.৮৪	--	--	০১ জুলাই, ২০১৭ হতে ৩১ ডিসেম্বর, ২০১৮	২৩ নভেম্বর,২০১৭		প্রযোজ্য নয়
১ম সংশোধিত	৭৬৬.৩৪	৭৬৬.৩৪	--	--	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন , ২০১৯	৩১ জানুয়ারী, ২০১৯		৬ মাস

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%):

৬.০ প্রকল্প এলাকাঃ সমগ্র বাংলাদেশ

৭.০ **<u>প্রকল্পের উদ্দেশ্য:</u>**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং অন্যান্য সংস্থা কর্তৃক ভবিষ্যতে জরিপ পরিচালনার নমুনাভিত্তিক বা নমুনা কাঠামো (Sampling Frame) প্রস্তুত করা;
- বাংলাদেশের তাঁত শিল্পের বর্তমান অবস্থা সম্পর্কে সম্যক ধারনা লাভ;
- বাংলাদেশের তাঁত শিল্পের সমস্যা ও সম্ভাবনা নিরূপণ করা;
- দেশে তাঁত শিল্পে নিয়োজিত বয়সভিত্তিক মোট শ্রমিকের সংখ্যা (পুরুষ ও মহিলা) নিরূপণ করা এবং পাশাপাশি নিজস্ব ও ভাড়ায় নিয়োজিত শ্রমিকের সংখ্যা বের করা;
- বাংলাদেশে তাঁত শিল্পে নিয়োজিত কর্মীদের/জনবলের দক্ষতা নিরূপণ করা এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দক্ষতা বাড়ানোর কৌশল প্রস্তাব করা;
- দেশে মোট সচল ও অচল তাঁত শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ করা;
- কটন ও থ্রেড কটন (সংখ্যাভিত্তিক) এর বার্ষিক মোট চাহিদা এবং মোট উৎপাদনের (ধরন অনুযায়ী) পরিমাণ নির্ধারণ করা;
- জাতীয় অর্থনীতিতে তাঁত শিল্পের অবদান নিরূপণ করা এবং
- তাঁত শিল্পে নিয়োজিত শ্রমিক ও সংশ্লিষ্ট খানার আর্থ-সামাজিক অবস্থার মূল্যায়ন করা।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮.০। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ঃ** (পিসিআর এর তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্র নং	অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী অংগের নাম	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		প্রকল্প সমাপ্ত পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	ভ্রমণ ভাতা (টিএ/ডিএ)	থোক	১৩০.০০	১০০	১৩০.০০	১০০	১৩০.০০
২	আনুষাঃ কর্মচারী/প্রতিষ্ঠান	থোক	৩.৪০	১০০	২.৪৯	১০০	২.৪৯
৩	অতিরিক্ত সময়ের ভাতা	থোক	৫.০০	১০০	৫.০০	১০০	৫.০০
৪	ডাক মাশুল (পোষ্টাল)	থোক	০.৩০	১০০	০.৩০	১০০	০.৩০
৫	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার/ মোবাইল	থোক	৪০.০০	১০০	৩.৯১	১০০	৩.৯১
৬	প্রিন্টিং পাবলিকেশন		৪২.০০	১০০	৪১.৯৪	১০০	৪১.৯৪
৭	স্টেশনারী,সিল এন্ড স্ট্যাম্প	থোক	২০.০০	১০০	১৯.৯১	১০০	১৯.৯১
৮	বই এন্ড সাময়িকী	লট	১.০০	১০০	১.০০	১০০	১.০০
৯	প্রচার ও বিজ্ঞাপণ (টেন্ডার, ইত্যাদি)	থোক	২৫.০০	১০০	২৪.৯৯	১০০	২৪.৯৯
১০	বৈদেশিক/স্থানীয় প্রশিক্ষণ	থোক	৮৩.০০	১০০	৮২.৯৫	১০০	৮২.৯৫
১১	সেমিনার/ কনফারেন্স ওয়ার্কশপ	থোক	১৫.০০	১০০	১৪.৮৬	১০০	১৪.৮৬
১২	ইন্টারটেইনমেন্ট কস্ট	থোক	৪০.৫০	১০০	৩৬.৯৬	১০০	৩৬.৯৬
১৩	ট্রেনাসপোর্টেশন	থোক	১২.২৫	১০০	১২.২৫	১০০	১২.২৫
১৪	শ্রমিক	থোক	৩.২০	১০০	৩.২০	১০০	৩.২০
১৫	ব্যবহার্য দ্রব্যাদি	থোক	৬.০০	১০০	৫.৮১	১০০	৫.৮১
১৬	কনসালটেন্সি এক্সপার্ট ফার্ম	থোক	১৬.০০	১০০	১৬.০০	১০০	১৬.০০
১৭	সম্মানী/ফি/পারিতোষিক	থোক	১৯৩.০০	১০০	১৯২.৩৩	১০০	১৯২.৩৩
১৮	সার্ভে	থোক	৪৫.০০	১০০	৪৪.৩৭	১০০	৪৪.৩৭
১৯	ম্যাপ আপডেটিং এন্ড কপিং	থোক	৪.৯৫	১০০	৪.৯৪	১০০	৪.৯৪
২০	কম্পিউটার ইকুইপমেন্ট	লট	৪০.০০	১০০	৩৯.৯৩	১০০	৩৯.৯৩
২১	ই-রেগুলার লেবার এন্ড হায়ারিং চার্জ	লট	৩০.৮৪	১০০	৩০.৮২	১০০	৩০.৮২
২২	কমিটি মিটিং	থোক	৪.৯০	১০০	৪.৯০	১০০	৪.৯০
২৩	অন্যান্য ব্যয়	থোক	২.৫০	১০০	২.৫০	১০০	২.৫০
২৪	মেনটেন্যান্স অফ কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট	থোক	৩.৫০	১০০	৩.৫০	১০০	৩.৫০
২৫	অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	থোক	৩.০০	১০০	২.৯৯	১০০	২.৯৯
২৬	অন্যান্য ভবন ও স্থাপনা	থোক	১৫.০০	১০০	১৪.৮৮	১০০	১৪.৮৮
২৭	অপ্রত্যাশিত ব্যয়	থোক	১.০০	১০০	০.০০	১০০	০.০০
২৮	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	লট	৩.০০	১০০	৬.৯১	১০০	৬.৯১
২৯	অফিস ইকুইপমেন্ট	লট	৫.০০	১০০	৪.৯৬	১০০	৪.৯৬
৩০	আসবাবপত্র	লট	৪.০০	১০০	৪.০০	১০০	৪.০০
	মোট		**৭৬৬.৩৪**	১০০	৭৫৮.৬০	১০০	৭৫৮.৬০

৯.০ উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৭৫৮.৬০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১০। **প্রকল্পের অনুকূলে বছর ভিত্তিক এডিপি বরাদ্দ এবং অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্য				টাকা	ব্যয় ও বাস্তব অগ্রগতি				
	মোট	টাকা	পিএ	বাস্তব %	অবমুক্ত	মোট	টাকা	পিএ	বাস্তব %	আর্থিক%
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	১১
২০১৭-১৮	৪০০.০০	৪০০.০০	-	১০০%	৪০০.০০	৩৮৯.৭১	৩৮৯.৭১	-	১০০%	৯৭.৪৩%
২০১৮-১৯	৩৭৭.০০	৩৭৭.০০	-	১০০%	৩৭৭.০০	৩৬৮.৮৯	৩৬৮.৮৯	-	১০০%	৯৭.৮৫%
সর্বমোট	**৭৭৭.০০**	**৭৭৭.০০**	**-**	**১০০%**	**৭৭৭.০০**	**৭৫৮.৬০**	**৭৫৮.৬০**	**-**	**১০০%**	**৯৭.৬৪%**

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
০১।	মহিউদ্দিন আহমেদ, এমপিএইচ	উপ-পরিচালক	পূর্ণকালীন	নভেম্বর ২০১৭ - জুন ২০১৯

১২। **প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন ঃ**

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(ক) দেশে মোট সচল ও অচল তাঁত ইউনিটের (খানা/প্রতিষ্ঠান ভিত্তিক) সংখ্যা নির্ধারণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(খ) দেশে মোট তাঁত শিল্পে নিয়োজিত বয়সভিত্তিক শ্রমিকের সংখ্যা (পুরুষ ও মহিলা) নিরূপণ করা এবং পাশাপাশি নিজস্ব ও ভাড়ায় নিয়োজিত শ্রমিকের সংখ্যা বের করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(গ) সুতার বার্ষিক আনুমানিক মোট চাহিদার পরিমাণ নির্ধারণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(ঘ) উৎপাদিত পণ্যের পরিমাণ, মালিকানার ধরন, উৎপাদন সামগ্রী (যেমন: কটন, ডাইং, প্রভৃতি) ও বিপণনের সংক্রান্ত তথ্য নিরূপণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(ঙ) মূলধনের উৎস এবং চলতি ও স্থায়ী মূলধনের চাহিদা নিরূপণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(চ) ডিজাইন উন্নয়নে প্রশিক্ষণের চাহিদা নিরূপণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
(ছ) জিডিপিতে এ শিল্পের অবদান (আংশিক) নিরূপণ করা; এবং	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
জ) তাঁত শিল্পে নিয়োজিত শ্রমিক ও সংশ্লিষ্ট খানার আর্থ-সামাজিক অবস্থার মূল্যায়ন করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৩. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৪. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৬. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

১৭.০ মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

১৭.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১৭.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

১৮.০ **প্রকল্প পরিদর্শনঃ**

গত ০৯.০২.২০২০ তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর পরিচালক কর্তৃক আলোচ্য প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমগুলি নিম্নে উল্লেখ করা হলোঃ

১৮.১ **তাঁত শুমারি ২০১৮ এর প্রাথমিক রিপোর্ট:** এলাকাভিত্তিক দেশে মোট সচল ও অচল তাঁত ইউনিটের (খানা/প্রতিষ্ঠান ভিত্তিক) সংখ্যা এবং তাঁত শিল্পে নিয়োজিত বয়সভিত্তিক শ্রমিকের প্রাথমিক সংখ্যা (পুরুষ ও মহিলা) নিরূপণ করা হয়েছে;

১৮.২ **তাঁত শুমারি ২০১৮ এর পিইসি রিপোর্ট:** মূল শুমারির মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রমে Under Count/Double Count/Multiple Count/Missing তাঁত ইউনিটের শতকরা হিসাব নির্ণয়ের পিইসি করা হয়। এই রিপোর্টের মাধ্যমে এ সংক্রান্ত শতকরা হিসাব পাওয়া যাবে; যা শুমারির গুনগতমান নির্ধারনে সহায়ক। এটি আন্তর্জাতিকভাবে অনুসৃত একটি পদ্ধতি।

১৮.৩ **তাঁত শুমারি ২০১৮ এর চূড়ান্ত রিপোর্ট:** দেশে মোট সচল ও অচল তাঁত ইউনিটের (খানা/প্রতিষ্ঠান ভিত্তিক) সংখ্যা নির্ধারণ করা, দেশে মোট তাঁত শিল্পে নিয়োজিত বয়সভিত্তিক শ্রমিকের প্রাথমিক সংখ্যা (পুরুষ ও মহিলা) নিরূপণ করা এবং পাশাপাশি নিজস্ব ও ভাড়ায় নিয়োজিত শ্রমিকের সংখ্যা বের করা, সুতার বার্ষিক আনুমানিক মোট চাহিদার পরিমাণ নির্ধারণ করা, উৎপাদিত পণ্যের পরিমাণ, মালিকানার ধরন, উৎপাদন সামগ্রী (যেমন: কটন, ডাইং, প্রভৃতি) ও বিপণনের সংক্রান্ত তথ্য নিরূপণ করা, মূলধনের উৎস এবং চলতি ও স্থায়ী মূলধনের চাহিদা নিরূপণ করা, ডিজাইন উন্নয়নে প্রশিক্ষেণর চাহিদা নিরূপণ করা, জিডিপিতে এ শিল্পের অবদান (আংশিক) নিরূপণ করা এবং তাঁত শিল্পে নিয়োজিত শ্রমিক ও সংশ্লিষ্ট খানার আর্থ-সামাজিক অবস্থার মূল্যায়ন করা হয়েছে।

১৮.৪ **ওয়ার্কস্টেশন:** সেন্সাস উইং এর যথাক্রমে কক্ষ নং ৩২১,৩২৫ ও ৩২৬ এ আধুনিক ওয়ার্কস্টেশন স্থাপন করা হয়েছে। উক্ত ওয়ার্কস্টেশনে সর্বমোট ২৬ জন কর্মকর্তা/কর্মচারী দৈনন্দিন দাপ্তরিক কর্মকান্ড নিবিড়ভাবে সম্পাদন করতে সক্ষম হবে। এক্ষেত্রে কম জায়গায় অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারীকে মানসম্মত বসার ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

১৮.৫ তাতমুমারী ২০১৭ প্রকল্প এর সকল রিপোর্ট মূদ্রিত বই এবং বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। তাছাড়া, অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে। এছাড়া প্রকল্পে ব্যবহৃত সকল পণ্য, কার্য ও সেবা যেমনঃ কাগজ, কলম, পেন্সিল, শার্পনার, ইরেজার, মার্কার কলম, পেন ড্রাইভ, কম্পিউটার, ল্যাপটপ, স্ক্যানার, ফটোকপিয়ার ইত্যাদি টিপিপি'র সংস্থান অনুযায়ী সুষ্ঠুভাবে ও পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী মহোদয় বক্তব্য রাখছেন । পাশে উপবিষ্ট নওগাঁ জেলার জেলা প্রশাসক জনাব মো: মিজানুর রহমান ও তাঁত শুমারি প্রকল্পের প্রকল্প পরিচালক ।


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী ১৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সরেজমিনে তাঁতিদের বুনন কার্যক্রম অবলোকন করছেন।

১৯.০ <u>প্রকল্প বাস্তবায়নে সমস্যাঃ</u>

১৯.১ প্রকল্পটি সংশোধন করে মেয়াদকাল ছয়মাস বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

১৯.২ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

১৯.৩ আলোচ্য প্রকল্পটির ২০১৭-১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের অডিট এখনও সম্পন্ন হয়নি মর্মে জানা গেছে।

২০. ০ <u>সুপারিশঃ</u>

২০.১ প্রকল্প সংশোধনের ধারা পরিহার করা বাঞ্ছনীয়; ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২০.২ প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক;

২০.৩ ভবিষ্যতে রাজস্ব বাজেটের মাধ্যমে এ জাতীয় কাজ পরিচালনা করা যেতে পারে। কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে রাজস্ব বাজেটের আওতায় প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

২০.৪ প্রকল্পের ২০১৭-১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে; এবং

২০.৫ অনুচ্ছেদ ২০.১ – ২১.৪ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের **মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯**)**

১.০	**প্রকল্পের নাম**	ঃ	কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।
২.০	**উদ্যোগী মন্ত্রণালয়**	ঃ	পরিকল্পনা মন্ত্রণালয়/ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩.০	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৪.০	**প্রকল্প এলাকা**	ঃ	সমগ্র বাংলাদেশের নমুনা এলাকা

(লক্ষ টাকায়)

৫.০	**প্রাক্কলিত ব্যয়**	ঃ	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
	৫.১ মূল	ঃ	**৩৯৮.০০**	**৩৯৮.০০**	-	-
	৫.২ ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	**৩৯৮.০০**	**৩৯৮.০০**	-	-

৬.০	**বাস্তবায়নকাল**	ঃ	**আরম্ভ**	**সমাপ্তি**
	৬.১) মূল অনুমোদিত	ঃ	০১ জুলাই, ২০১৭	৩১ ডিসেম্বর, ২০১৮
	৬.২) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	ঃ	০১ জুলাই, ২০১৭	৩০ জুন, ২০১৯

৭.০ সাধারণ পর্যবেক্ষণ :

সমগ্র বাংলাদেশের পল্লী এলাকার নির্বাচিত নমুনা এলাকায় কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ পরিচালনা করা হয়েছে। উক্ত জরিপের তথ্য প্রক্রিয়াকরন করে একটি রিপোর্ট প্রকাশ করা হয়েছে। এই জরিপের রিপোর্টের মাধ্যমে সারাদেশে পল্লী এলাকার আর্থসামাজিক অবস্থা, মালিকানা ভিত্তিক কৃষি জমির তথ্য, জিডিপি রিবেজিংয়ের জন্য কৃষি উপকরনের তথ্য, কৃষি যন্ত্রপাতি, যাতায়াত, কৃষি পণ্য বিপণন এবং মূল্য শৃঙ্খলের তথ্য, কৃষি ঋণ এবং ঋণের ব্যবহার, কৃষি শ্রমিক, কর্মঘন্টা ও শ্রমিক মজুরী হার, পুরুষ মহিলা ভেদে পরিসংখ্যান ও নারীর ক্ষমতায়ন ইত্যাদি সংক্রান্ত তথ্য উপস্থাপিত হয়েছে।

৭.১ পটভূমি :

- ❑ পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী কৃষি সেক্টরের (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ও জরিপের মাধ্যম তথ্যসংগ্রহ ও প্রকাশ করা হয়।
- ❑ জিডিপি ইমপ্রুভমেন্টের এর জন্য কৃষি উপকরনের তথ্য সংগ্রহ করা হবে।
- ❑ জাতীয় পরিসংখ্যান উন্নয়নের কৌশল (NSDS)এর লক্ষ্য ৫ বাস্তবায়িত করা।

- ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনীয় উপাত্ত অন্তর্ভুক্ত করার জন্য ধার্য করা হয়েছে। সংগৃহীত উপাত্ত পরোক্ষভাবে কৃষি পণ্য উৎপাদনশীলতা বৃদ্ধি, পর্যবেক্ষণ প্রক্রিয়া পর্যালোচনায় এবং শস্য উৎপাদনের ফলন ব্যবধান কমানোর প্রচেষ্টা অগ্রগতি মূল্যায়নে সহায়তা করবে।
- এসডিজি'র গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা ৫ (পুরুষ মহিলা ভেদে এবং নারী ও মেয়ে শিশুর ক্ষমতায়ন; লক্ষ্য ৫.এ.১) পূরণে সহায়তা করবে।
- SPARS এর লক্ষ্য বাস্তবায়ন করা।

৭.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- পল্লী এলাকায় খানা ভিত্তিক আর্থ-সামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করা;
- মালিকানাভিত্তিক কৃষি জমি সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;
- জিডিপি ইমপ্রুভমেন্টের জন্য কৃষি কাজে ব্যবহৃত সেচ, সার, বীজ, বালাইনাশক সম্পর্কে তথ্য সংগ্রহ করা;
- কৃষি যন্ত্রপাতি, যাতায়াত, কৃষি পণ্য বিপণন এবং মূল্য শৃঙ্খল (value chain) সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;
- কৃষি ঋণ এবং ঋণের ব্যবহার সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;
- কৃষি শ্রমিক, কর্মঘন্টা ও শ্রমিক মজুরী হার সম্পর্কে তথ্য বিশ্লেষণ করা;
- পুরুষ মহিলা ভেদে পরিসংখ্যান ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা।

৭.৩ অনুমোদন পর্যায়ঃ "কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭" শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণরূপে সরকারি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের মূল বাজেট ৩৯৮.০০ লক্ষ টাকা। প্রকল্পটি গত ০৯ অক্টোবর, ২০১৭ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২২ অক্টোবর, ২০১৭ তারিখে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। প্রকল্পের মূল বাস্তবায়ন কাল ০১ জুলাই ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত।

৭.৪ প্রকল্প সংশোধন ও কারণসমূহঃ

নির্ধারিত সময়ে প্রকল্প অনুমোদন না হওয়ায় এবং অর্থছাড় বিলম্ব হওয়ায় জরিপ কার্যক্রম দেরীতে সম্পন্ন করা হয়েছে। জরিপের রাইটিং ইত্যাদি কার্যক্রম বাকী থাকায় এবং একজন সিনিয়র পরামর্শক ও একজন জুনিয়র পরামর্শক নিয়োগ করার জন্য প্রকল্প সংশোধনের প্রয়োজন ছিল। তাছাড়া কিছু কিছু খাতে প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দ কম হওয়ায় উক্ত খাতগুলোতে অর্থ বৃদ্ধির জন্য আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন ছিল বিধায় ব্যয় বৃদ্ধি ব্যতিত এ প্রকল্পের মেয়াদ আরো ছয়মাস বৃদ্ধিপূর্বক ডিসেম্বর, ২০১৮ এর পরিবর্তে জুন, ২০১০৯ পর্যন্ত এবং আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়সহ ডিপিপি সংশোধন করা হয়।

৮.০ প্রকল্পটির মূল কার্যক্রম ঃ

৮.১ সারা দেশব্যাপী পল্লী এলাকায় কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ পরিচালনার লক্ষ্যে পল্লী এলাকার জিও কোড হালনাগাদ করা;

৮.২ জরিপের জন্য প্রশ্নপত্র, ম্যানুয়েল ও ফরম প্রস্তুত করা;

৮.৩ জরিপের জন্য নমুনা পদ্বতি ও নমুনা নির্বাচন করা;

৮.৪ প্রশ্নপত্র যাচাই-বাছাইয়ের জন্য প্রি-টেষ্ট পরিচালনা করা;

৮.৫ জরিপের প্রশ্নপত্র, ম্যানুয়েল ও ফরম প্রিন্ট করা;

৮.৬ জরিপের মালামাল ক্রয় করা;

৮.৭ প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা

৮.৮ জরিপের জন্য সুপারভাইজার ও গণনাকারীগণের প্রশিক্ষণ প্রদান;

৮.৯ সারা দেশব্যাপী পল্লী এলাকার নির্বাচিত নমুনা এলাকায় জরিপ পরিচালনা করা;

৮.১০ জরিপের তফসিল সমূহ সিকোসেন্স আকারে সাজানো;

৮.১১ এডিটিং ও কোডিং ম্যানুয়েল প্রস্তুত করা;

৮.১২ জরিপের তফসিল সমূহ এডিটিং, কোডিং ও এন্ট্রির কাজ করার জন্য এডিটর ও ডাটা এন্ট্রি অপারেটদের প্রশিক্ষণ প্রদান করা;

৮.১৩ পূরণকৃত প্রশ্নপত্রের তথ্য এডিটং, কোডিং ও এন্ট্রি করা;

৮.১৪ ডাটা ক্লিনিং, তথ্য প্রক্রিয়াকরণ, ডাটা কনসিস্টেন্সি চেকিং ও টেবুলেশন প্রস্তুত করা;

৮.১৫ একটি রিপোর্ট প্রস্তুত করা।

১০.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ (প্রাপ্ত পিসিআর অনুযায়ী): (লক্ষ টাকায়)

ইকোনমিক কোড (পুরাতন)	ইকোনমিক কোড (নতুন)	ডিপিপি অনুযায়ী কাজের অংশ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক	বাস্তব	আর্থিক	আর্থিক %	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
রাজস্ব খাত								
৪৮০৫	৩১১১৩২৭	ওভার টাইম		৫.৭৫		৫.১০	৮৮.৭০	১০০.০০
৪৮৮৩ ও ৪৮৯৫	৩১১১৩৩২	সম্মানী ভাতা		৪৬.৮২		৩৬.৮১	৭৮.৬২	১০০.০০
৪৮৪৫	৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়		২১.৫০		১৪.২৪	৬৬.২৩	১০০.০০
৪৮৯৩	৩২১১১০৭	হায়ারিং চার্জ		০.৭৬		০.৭৪	৯৭.৩৭	১০০.০০
৪৮৫১	৩২১১১০৯	শ্রমিক মজুরী		৬.০০		৫.৭৫	৯৫.৮৩	১০০.০০
৪৮৪২	৩২১১১১১	সেমিনার, কনফারেন্স ব্যয়		৭.২১		০.১৮	২.৫০	১০০.০০
৪৮১৫	৩২১১১১৯	ডাক		০.৭৫		০.২১	২৮.০০	১০০.০০
৪৮১৬	৩২১১১২০	টেলিফোন/মোবাইল		০.৫০		০.১০	২০.০০	১০০.০০
৪৮৩৩	৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন		৪.৫০		৩.৮৭	৮৬.০০	১০০.০০
৪৮৩১	৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী		০.৫০		০.১৯	৩৮.০০	১০০.০০
৪৮৪৬	৩২২১১০৬	পরিবহণ ব্যয়		৬.৫০		৫.০৯	৭৮.৩১	১০০.০০
৪৮৪০	৩২৩১৩০১	প্রশিক্ষণ ব্যয়		৪২.৮৯		৩৫.৯১	৮৩.৭৩	১০০.০০
৪৮২৩	৩২৪৩১০১	পেট্রোল, ডিজেল ও লুব্রিক্যান্ট		৪.০০		২.৬৯	৬৭.২৫	১০০.০০
৪৮২২	৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানী		৩.৫০		২.০৯	৫৯.৭১	১০০.০০
৪৮০১	৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়		১৩৩.০০		১৩২.১৩	৯৯.৩৫	১০০.০০
৪৮৮৮	৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী		৪.০০		৩.৯৭	৯৯.২৫	১০০.০০
৪৮২৭	৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই		১০.০০		৯.৬৫	৯৬.৫০	১০০.০০

ইকোনমিক কোড (পুরাতন)	ইকোনমিক কোড (নতুন)	ডিপিপি অনুযায়ী কাজের অংশ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
				আর্থিক	বাস্তব	আর্থিক	আর্থিক %	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪৮২৮	৩২৫৫১০৪	ষ্ট্যাম্পস ও সীল		০.২০		০.০০	০.০০	১০০.০০
৪৮২৮	৩২৫৫১০৫	অন্যান্য মনিহারী		১০.১৫		৭.৪৯	৭৩.৭৯	১০০.০০
৪৮৯৯	৩২৫৬১০৩	সাধারণ সরবরাহ		২.৫০		২.৪৮	৯৯.২০	১০০.০০
৪৮৭৪	৩২৫৭১০১	কন্সালটেন্সী		২৫.২০		২৪.৪৩	৯৬.৯৪	১০০.০০
৪৮৮৬	৩২৫৭১০৪	সার্ভে		৩২.৩৯		৩১.৫৭	৯৭.৪৭	১০০.০০
মেরামত ও সংরক্ষণ								
৪৯০১	৩২৫৮১০১	মোটর যানবাহন		১.৫০		১.৪৮	৯৮.৬৭	১০০.০০
৪৯১১	৩২৫৮১০৩	কম্পিউটার সরঞ্জামাদি		১.২৫		১.২৫	১০০.০০	১০০.০০
৪৯১১	৩২৫৮১০৪	অফিস সরঞ্জামাদি		১.১৮		১.১৭	৯৯.১৫	১০০.০০
	৩৯১১১১১	সাধারণ থোক বরাদ্দ	-	০.৪৫		০.০০	০.০০	১০০.০০
উপ-মোট=			-	৩৭৩.০০		৩২৮.৫৯	৮৮.০৯	
মূলধন খাত			-					
৬৮১৫	-	কম্পিউটার ও যন্ত্রাংশ	-	৯.৪৫		৮.২৯	৮৭.৭২	১০০.০০
৬৮১৯	-	অফিস সরঞ্জাম	-	৭.২০		৬.৫৪	৯০.৮৩	১০০.০০
৬৮২১	-	আসবাবপত্র	-	৮.১৫		৬.০৭	৭৪.৪৮	১০০.০০
৬৮১৭	-	কম্পিউটার সফটওয়ার	-	০.২০		০.১৭	৮৫.০০	১০০.০০
উপ-মোট=			-	২৫.০০		২১.০৭	৮৪.২৮	
সর্বমোট (ক+খ):			-	৩৯৮.০০		৩৪৯.৬৬	৮৭.৮৫	

১১। উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩৪৯.৬৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের **৩৪৯.৬৬%** শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১২. প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য:			
প্রকল্প পরিচালকের নাম	**মূল দপ্তর ও পদবি**	**দায়িত্ব কাল**	**দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)**
জনাব মো: আখতার হাসান খান	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও উপপরিচালক	০৭-১১-২০১৭ **হতে** ৩০-০৬-২০১৯	অতিরিক্ত
প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের দায়িত্বে থাকলে সেসব প্রকল্পের নাম	প্রযোজ্য নয়		

১৩. বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্খিত অগ্রগতি না হলে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা)	**অর্থ বছর**	**পরিকল্পিত লক্ষ্যমাত্রা**	**অগ্রগতি**		**মন্তব্য**
		মূল টিপিপি অনুযায়ী	**এডিপি বরাদ্দ**	**ব্যয়**	**সংশোধিত টিপিপি অনুয়ায়ী ব্যয় হয়েছে।**
	২০১৭-২০১৮		২৮৬.০০	২৪৭.৮৩	
	২০১৮-২০১৯		১১২.০০	১০১.৮৩	
	মোট:		**৩৯৮.০০**	**৩৪৯.৬৬**	

১৪.০ (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকা)

প্যাকেজ সংখ্যা	দরপত্র আহ্বান		চুক্তি		কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
	তারিখ	প্রাক্কলিত মূল্য	তারিখ	চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
০১	২২/০১/২০১৮	৯.৪৫	২৭/০৩/২০১৮	৮.৩০	২৭/০৪/২০১৮	২৭/০৪/২০১৮	-
০২	২২/০১/২০১৮	৩.২০	২৩/০৩/২০১৮	২.৫৭	২৩/০৪/২০১৮	২৩/০৪/২০১৮	
০৩	২২/০১/২০১৮	৪.০০	২৩/০৩/২০১৮	৩.৯৭	২৩/০৪/২০১৮	২৩/০৪/২০১৮	
০৪	২৯/০১/২০১৮	৮.১৫	২৯/০৩/২০১৮	৬.০৭	২৯/০৪/২০১৮	২৯/০৪/২০১৮	-
০৫	২৯/০১/২০১৮	৮.৪৮	২৩/০৩/২০১৮	৪.৪৭	২৫/০৪/২০১৮	২৫/০৪/২০১৮	
০৬	০৪/০৩/২০১৮	৬.০০	১১/০৩/২০১৮	৩.৪১	১২/০৪/২০১৮	১২/০৪/২০১৮	-
০৭	২৯/০৫/২০১৯	৪.০০	১৩/০৬/২০১৯	৩.৭৫	২৫/০৬/২০১৯	২৫/০৬/২০১৯	-

১৫। **প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন ঃ**

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
ক) পল্লী এলাকায় খানা ভিত্তিক আর্থ-সামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
খ) মালিকানাভিত্তিক কৃষি জমি সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
গ) জিডিপি ইমপ্রুভমেন্টের জন্য কৃষি কাজে ব্যবহৃত সেচ, সার, বীজ, বালাইনাশক সম্পর্কে তথ্য সংগ্রহ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
ঘ) কৃষি যন্ত্রপাতি, যাতায়াত, কৃষি পণ্য বিপণন এবং মূল্য শৃঙ্খল (value chain) সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
ঙ) কৃষি ঋণ এবং ঋণের ব্যবহার সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
চ) কৃষি শ্রমিক, কর্মঘন্টা ও শ্রমিক মজুরী হার সম্পর্কে তথ্য বিশ্লেষণ করা;	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
ছ) পুরুষ মহিলা ভেদে পরিসংখ্যান ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৬. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৭. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
☐ পরিদর্শন প্রতিবেদন;
☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৮. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৯. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

২০.০ মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

২০.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

২০.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

২১.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচনাঃ গত ১০.১০.২০১৯ তারিখে প্রকল্পের প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তববায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

২২.০ **প্রকল্প পরিদর্শনঃ**

[গত ১০.১০.২০১৯ তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর পরিচালক কর্তৃক আলোচ্য প্রকল্পের প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী সকল রিপোর্ট মূদ্রিত হয়েছে এবং বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। তাছাড়া, অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে। এছাড়া প্রকল্পে ব্যবহৃত সকল পণ্য, কার্য ও সেবা যেমনঃ কাগজ, কলম, পেন্সিল, শার্পনার, ইরেজার, মার্কার কলম, পেন ড্রাইভ, কম্পিউটার, ল্যাপটপ, স্ক্যানার, ফটোকপিয়ার ইত্যাদি টিপিপি'র সংস্থান অনুযায়ী সুষ্ঠুভাবে ও পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

২৩.০ <u>প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ</u>

২৩.১ প্রকল্পটির আন্তঃখাত সমন্বয় ও সংশোধন করে মেয়াদকাল ৬ (ছয়) মাস বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

২৩.২ প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী প্রতি বছরের শেষভাগে ঐ বছরের প্রতিবেদন প্রকাশ করার কথা। কিন্তু প্রকল্প সংশোধনের কারণে প্রকৃতপক্ষে চুড়ান্ত প্রতিবেদন প্রকাশ করতে প্রায় ৬ (ছয়) মাস বিলম্ব হয়েছে। প্রতিবেদন বিলম্বে প্রকাশের কারণে প্রতিবেদনের তথ্যের কার্যকারিতা হ্রাস পায়।

২৩.৩ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২৩.৪ প্রকল্পটির ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি মর্মে জানা গেছে।

২৪.০ <u>সুপারিশঃ</u>

২৪.১ প্রকল্প সংশোধন বা আন্তঃখাত সমন্বয়ের ধারা পরিহার করা বাঞ্ছনীয়; ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২৪.২ প্রতিবেদন বছর ভিত্তিক প্রকাশ করতে হবে। বিলম্বে প্রতিবেদন প্রকাশিত হলে এর কার্যকারিতা অনেকাংশে কমে যায়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করা হলে সময়মতো প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাকে আরো তৎপর হতে হবে;

২৪.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ইতোপূর্বে এ ধরনের জরিপ পরিচালনা ছিল না। সারা দেশের পল্লী এলাকার আর্থ-সামজিক অবস্থা, ভূমি ব্যবহার, কৃষি উপকরণ, কৃষি যন্তপাতি ও যানবাহন, কৃষি শ্রমিক-কর্মঘন্টা-কর্মস্থল ও শ্রমিক মজুরী, পুরুষ-মহিলা ভেদে পরিসংখ্যান, নারীর ক্ষমতায়ন ইত্যাদি গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করার কার্যক্রম ভবিষ্যতে রাজস্ব বাজেটের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে এ জাতীয় কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে সংশ্লিষ্ট সংস্থা ও বিভাগের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

২৪.৪ প্রকল্পের ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

২৪.৫ অনুচ্ছেদ ২৪.১-২৪.৪ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (২য় পর্যায়) (১ম সংশোধীত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০১৯)

১।	**প্রকল্পের নাম**	:	মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (২য় পর্যায়) (১ম সংশোধীত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।
২।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩।	**প্রশাসনিক মন্ত্রণালয়**	:	পরিকল্পনা মন্ত্রণালয়
৪।	**প্রকল্প এলাকা**	:	সমগ্র বাংলাদেশ

৫। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	**ঃ**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**ব্যয় হ্রাস / বৃদ্ধির %)**
৫.১) মূল	ঃ	৩,৪২০.৯৬	৩৪২০.৯৬	-	-
৫.২) ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	৩,৫০১.২৭	৩৫০১.২৭	-	-
৫.৪) প্রকৃত ব্যয়	ঃ	৩,৩৪৪.৫৪	৩,৩৪৪.৫৪	-	-

৬। বাস্তবায়নকাল	**ঃ**	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত	ঃ	১ জুলাই, ২০১৭	৩০ জুন, ২০১৯
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	১ জুলাই, ২০১৭	৩০ জুন, ২০১৯

০৭. **প্রকল্প অর্থায়ন** : জিওবি

৮. প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ

৯.০ সাধারণ পর্যবেক্ষণ :

৯.১ **প্রকল্পের পটভূমিঃ** জনতাত্তিক তথ্য সংগ্রহ করার ৩টি স্বীকৃত পদ্ধতি রয়েছে যেগুলো হল শুমারি, নিবন্ধিকরণ ও নমুনা জরিপ। এ পদ্ধতিগুলোর মধ্যে নমুনা নিবন্ধিকরণ পদ্ধতি উন্নত পদ্ধতি হিসেবে বিবেচিত। কারণ এ পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, স্থানান্তর সংক্রান্ত তথ্য নমুনা হতে ধারাবাহিকভাবে সংগ্রহ ও রিপোর্ট আকারে প্রকাশ করা হয়।

১৯৮০ সালে মাত্র ১০৩টি (৬২টি পল্লী + ৪১টি শহর) নমুনা এলাকায় (Primary Sampling Unit) এ তথ্য সংগ্রহ পদ্ধতি একটি উন্নয়ন প্রকল্পের আওতায় শুরু হয়। ১৯৮৩ সালে জরিপের নমুনা এলাকার সংখ্যা ১০৩টি হতে ২১০ এ উন্নীত করা হয়। যার মধ্যে পল্লী এলাকায় ছিল ১৫০টি এবং শহর এলাকায় ছিল ৬০টি। কিন্তু নমুনা এলাকার সংখ্যা কম হওয়ায় এ কার্যক্রমের আওতায় সংগৃহীত তথ্য জেলা পর্যায়ে এষ্টিমেট করা সম্ভব হতো না। তাই ১৯৯৫ সালে নমুনা এলাকার (Sample Area) সংখ্যা ২১০ হতে ৫০০ তে উন্নীত করা হয়।

দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, আগমন-বহির্গমন, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি এবং প্রতিবন্ধী সংক্রান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম জোরদারকরণ ও জেলা পর্যায়ে তথ্য উপস্থাপনের জন্য ২০০০ সালে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় এবং ২০০২ সালে নমুনা

এলাকার সংখ্যা ৫০০ হতে ১০০০ এ উন্নীত করা হয়। বর্তমান প্রকল্পে নতুন IMPS Design অনুযায়ী নমুনা এলাকার সংখ্যা ২০১২-তে উন্নীত করা হয়েছে। এ প্রকল্প হতে বর্তমানে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য নিয়মিতভাবে প্রকাশ করা হয়। এ সমস্ত তথ্য শহর, পল্লী, বিভাগ ও জেলা পর্যায়ে Estimate করা হয়। এ সমস্ত তথ্য পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক জনসংখ্যা পরিকল্পনা ও আর্থ-সামাজিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহৃত হচ্ছে। এছাড়া জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন অভীষ্টর (Millennium Development Goals) কয়েকটি গুরুত্বপূর্ণ (Indicators) সূচক যেমন Total Fertility Rate (TFR), Neo-Natal Mortality Rate, Infant Mortality Rate (IMR), Maternal Mortality Ratio (MMR), Under Five Mortality Rate (U_5MR) এ প্রকল্পের তথ্য হতে নিয়মিতভাবে Estimate করা হয়। উল্লেখ্য, ১৯৮০ সাল হতে SVRS প্রকল্পের ধারাবাহিকতায় বর্তমান প্রকল্পটি ভিন্ন নামে অনুমোদিত হয়েছে। দীর্ঘদিন যাবৎ চলমান প্রকল্পটির মূল্য লক্ষ্য ও উদ্দেশ্য এবং প্রকল্পটির সুফল সম্পর্কিত বিষয়াদি সরকারের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও Sustainable Development Goals (SDGs) এর গুরুত্বপূর্ণ সূচকসমূহ পরিবীক্ষণে অপরিহার্য।

- সমগ্র বাংলাদেশে IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক ১১টি তফসিলের মাধ্যমে নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা;
- আন্তঃশুমারি বৎসরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদানসমূহ যথা- জন্ম, মৃত্যু, আগমন, বহির্গমন এবং বিবাহ, তালাক এবং অন্যান্য আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা;
- জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer এ ধারণ ও সংরক্ষণ করা;
- উন্নয়ন সহযোগী সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা;
- স্থানীয় সরকারের সাথে যৌথভাবে সিভিল রেজিস্ট্রেশন ও ভাইটাল স্ট্যাটিস্টিকস্ (জন্ম-মৃত্যু) কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটা বেইস ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা;
- এ প্রকল্পের আওতায় ২০১২টি নমুনা এলাকায় মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি ও কর্মসংস্থানের জন্য স্থানীয় রেজিষ্ট্রার হিসেবে তাদেরকে শতভাগ অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ করা;
- এ প্রকল্পের মাধ্যমে বিশুদ্ধ পানির প্রাপ্যতা, পানির ব্যবহার, আলোর উৎস, জ্বালানীর ব্যবহার, পয়ঃনিস্কাশন ও পরিবেশ দূষণ
  সংক্রান্ত তথ্য সংগ্রহ করে পরিবেশ দূষণ দূরীকরণের জন্য পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা অন্যতম উদ্দেশ্য।

৯.২. **<u>প্রকল্পের মূল উদ্দেশ্য:</u>**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রতি ১০ বৎসর অন্তর অন্তর আদমশুমারি অনুষ্ঠিত হয়। আদমশুমারি হতে শুমারি পরবর্তী বছরভিত্তিক জনসংখ্যা ও জনতাত্ত্বিক সূচকসমূহের পরিবর্তন নিরূপণ করা যায় না। তাই "মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে জনসংখ্যা ও জনতাত্ত্বিক সম্পর্কিত সাম্প্রতিক এবং বিস্তারিত তথ্য সংগ্রহ করে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।
- এছাড়াও সমগ্র বাংলাদেশে IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক ১১টি তফসিলের উপর নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা;

- আন্ত:শুমারি বছরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদানসহ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন এবং আর্থ-সামাজিক তথ্য সংগহ এবং তা On Line এর সদর দপ্তরে প্রেরণ ও প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা;
- জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer এ ধারণ ও সংরক্ষণ করা;
- উন্নয়ন সহযোগি সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা;
- স্থানীয় সরকারের সাথে যৌথভাবে ভাইটাল রেজিষ্ট্রেশন (জন্ম-মৃত্যু) কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটা বেইস ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা;
- এ প্রকল্পের আওতায় ২০১২টি নমুনা এলাকায় মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি ও কর্মসংস্থানের জন্য স্থানীয় রেজিষ্ট্রার হিসেবে তাদেরকে শতভাগ অগ্রাধিকার ভিত্তিতে সম্পৃক্ত করা;
- এ প্রকল্পের মাধ্যমে পানির ব্যবহার, আলোর উৎস, জ্বালানীর ব্যবহার, পয়ঃনিস্কাশন ও পরিবেশ দূষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে পরিবেশ দুষণ দূরীকরণের জন্য পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হবে।

১০. <u>প্রকল্পের কার্যক্রমঃ</u>

আদমশুমারির মধ্যবর্তী বছরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদন যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, আগমন, বহির্গমন, জন্ম-নিয়ন্ত্রণ পদ্ধতি, প্রতিবন্ধী ও HIV/AIDS সম্পর্কিত আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ করে নিয়মিতভাবে জনমিতিক সূচকসমূহ দাতা সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা হয়। বাংরলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৮০ সালে হতে দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আসছে। দ্বৈত পদ্ধতি অনুসরণ করা হয় যার একটি (System-1) পদ্ধতি হল স্থানীয়ভাবে নির্বাচিত ও এলাকার স্থায়ী বাসিন্দা একজন স্থানীয় রেজিষ্টার, নমুনা এলাকায় সংঘটিত জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য তাৎক্ষনিকভাবে সংগ্রহ করে পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে প্রেরণ করে। অপর পদ্ধতি (System-2) হ'ল ব্যুরোর মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক প্রতি তিন মাস অন্তর অন্তর একই তথ্য গণনা ও তদারকির ভিত্তিতে একই নমুনা এলাকার তথ্য সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য পরে ম্যাচিং করে সঠিকতা যাচাই করা হয় এবং প্রকৃত ঘটন সংখ্যা (events) নির্ণয় করে বিভিন্ন জনতাত্ত্বিক সূচক Estimate করে রিপোর্ট আকারে প্রকাশ করা হয়।

ক) প্রকল্পটি প্রথম সংশোধনের কারণ: ২০১৯ সালের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য স্থানীয় মহিলা রেজিষ্ট্রার,সুপারভাইজার, সুপারভাইজিং কর্মকর্তাদের ২০১৮ সালের ডিসেম্বর মাসের অনুষ্ঠিত Refresher Training এর অর্থের সংস্থান প্রকল্পের ডিপিপিতে না থাকায় এবং তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত ২০১২ জন সুপারভাইজারের মাসিক যাতায়াত ভাতার অর্থ প্রয়োজনের তুলনায় স্বল্প হওয়ায় যাতায়াত ভাতা জন প্রতি মাসিক ৩৫০/- হতে ৭০০/- টাকায় উন্নীতকরণ করায় প্রকল্প সংশোধনের প্রয়োজন। তাছাড়া কিছু কিছু খাতে প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দ কম হওয়ায় উক্ত খাতগুলোতে অর্থ বৃদ্ধি করায় প্রকল্পটি প্রথম সংশোধন করা হয়।

১১। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ**

(লক্ষ টাকায়)

নতুন কোড নং	পুরাতন কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
				আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক %	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
ক. রাজস্ব ব্যয়ঃ								
৩১১১২০১	৪৬০১	কর্মচারীদের বেতন	জন	৩৮.৪৮	১৪ জন	৩৪.৪৭ ৮৯.৫৮%	১৪ জন ১০০%	
৩১১১৩২৫	৪৭১৩	উৎসব/বোনাস	জন	২.৫০	১৪ জন	১.৮০ ৭২%	১৪ জন ১০০%	
৩১১১৩০২	৪৭৬৫	যাতায়াত ভাতা (ফিক্সড) সুপারভাইজার, ডিডি ও জেডি	জন	২৭৫.২৪	২০৮৪ জন	৩০.০০ ১০০%	২০৮৪ জন ১০০%	
সরবরাহ ও সেবাঃ								
৩১১১৩২৭	৪৮০৫	অতিরিক্ত সময়ে কাজের ভাতা	লট	৩.০০	লট	৩.০০ ১০০%	লট ১০০%	
৩২৪৪১০১	৪৮০১	ভ্রমণ ব্যয়	জন	৩০.০০	১১০ জন	৩০.০০ ১০০%	১১০ জন ১০০%	
৩২১১১১৯	৪৮১৫	ডাক	থোক	৪.০০	থোক	৪.০০ ১০০%	থোক ১০০%	
৩২১১১২০	৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম/ টেলিপ্রিন্টার/মোবাইল	থোক	১.০০	থোক	-	-	
৩২৪৩১০২	৪৮২২	গ্যাস ও জ্বালানী	২টি গাড়ী	৭.২৭	২টি গাড়ী	৭.২৬ ৯৯.৮৬%	২টি গাড়ী ১০০%	
৩২৪৩১০১	৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	২টি গাড়ী	৭.৮১	২টি গাড়ী	৭.৭৩ ৯৮.৯৮%	২টি গাড়ী ১০০%	
৩৮২১১১৬	৪৮২৪	বীমা/ব্যাংক চার্জেস	থোক	৩.০০	থোক	০.২৬ ৮.৬৭%	- -	
৩২৫৫১০২	৪৮২৭	মূদ্রণ প্রকাশনা ও গবেষণা	থোক	৪০.০০	থোক	৪০.০০ ১০০%	থোক ১০০%	
৩২৫৫১০৪	৪৮২৮	ষ্টেশনারী, সীলস ও ষ্ট্যাম্পস	থোক	২০.০০	লট	২০.০০ ১০০%	থোক ১০০%	
৩২১১১২৭	৪৮৩১	বইপত্র ও সাময়িকী	থোক	০.৩০	লট	০.৩০ ১০০%	থোক ১০০%	
৩২১১১২৫	৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	২০.০০	লট	১৬.৫৯ ৮২.৯৫%	থোক ১০০%	
৩২৩১৩০১	৪৮৪০	অভ্যন্তরিণ প্রশিক্ষণ ব্যয়	জন	১৪৪.১৭	৪১৬৮ জন	১১৮.৭৯ ৮২.৪০%	৪১৬৮ জন ১০০%	
৩২৩১৩০১	৪৮৪০	বৈদেশিক ষ্ট্যাডি ট্যুর	জন	১০৫.০০	২৪ জন	৭০.৯৪ ৬৭.৫৬%	১৫ জন ১০০%	
৩২১১১১১	৪৮৪২	সেমিনার, কনফারেন্স	২	১০.০০	২	১০.০০ ১০০%	২ ১০০%	-
৩২১১১০৬	৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	১০.৫০	থোক	৬.৪৪ ৬১.৩৩%	থোক ১০০%	-
৩২২১১০৬	৪৮৪৬	পরিবহন ব্যয়	থোক	১৩.০০	থোক	১৩.০০ ১০০%	থোক ১০০%	-
৩২১১১০৯	৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	৬.০০	থোক	০৬.০০ ১০০%	থোক ১০০%	-

নতুন কোড নং	পুরাতন কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
				আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক %	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৩২৫৬১০৩	৪৮৫৪	ব্যবহার্য দ্রব্যাদি ক্রয়	থোক	১.০০	থোক	১.০০ ১০০%	থোক ১০০%	-
৩২৫৭১০১	৪৮৭৪	কনসালটেন্সী	৬ জন মাস	১২.০০	৬ জন মাস	১২.০০ ১০০%	থোক ১০০%	-
৩১১১৩৩২	৪৮৮৩	সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	২০১২	২৪৪৪.৪০	২০১২ জন	২৪৪০.৬১ ৯৯.৮৪%	২০১২ জন ১০০%	-
৩২৫৭১০৪	৪৮৮৬	সার্ভে (কিট ব্যাগ, ছাতা, এডিটিং, কোডিং ও ডাটা এন্ট্রি)	থোক	১৫৯.৩২	থোক	১১৭.১৮ ৭৩.৫৫%	থোক ১০০%	-
৩২২১১০৭	৪৮৮৭	কপি/অনুলিপি ব্যয়	থোক	৩.৭৫	থোক	৩.৭৫ ১০০%	থোক ১০০%	-
৩২৫৫১০১	৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	লট	৭.৫০	লট	৭.৫০ ১০০%	থোক ১০০%	-
	৪৮৯৩	হায়ারিং চার্জ	-	-	-	-	-	-
৩১১১৩৩২	৪৮৯৫	কমিটি মিটিং/কমিশন	২৮টি	১২.০০	২৮টি	১২.০০ ১০০%	২৮টি ১০০%	-
	৪৮৯৯	অন্যান্য ব্যয়	থোক	২.৫০	থোক	২.৫০ ১০০%	থোক ১০০%	-
৩২৫৮১০১	৪৯০১	মোটর যানবাহন	২	৪.১৮	২	৪.১৮ ১০০%	২ ১০০%	-
৩২৫৮১০২	৪৯০৬	আসবাবপত্র	লট	১.০০	লট	১.০০ ১০০%	থোক ১০০%	-
৩২৫৮১০৩	৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	লট	২.০০	লট	২.০০ ১০০%	থোক ১০০%	-
৩২৫৮১০৫	৪৯১৬	যন্ত্রপাতি ও সরঞ্জাম	লট	১.০০	লট	০.৯৮ ৯৮%	থোক ১০০%	-
৩২৫৮১০৭	৪৯২১	অফিস ভবন/ডেকোরেশন	থোক	১.০০	থোক	১.০০ ১০০%	থোক ১০০%	-
৩২৫৮১১৭	৪৯৫৮	লাইন কেবল ফর নেটওয়ার্কিং	লট	০.৫০	লট	০.৫০ ১০০%	থোক ১০০%	-
মোট রাজস্ব ব্যয়			**-**	**৩৩৯৩.৪২**	**-**	**৩২৪৩.০২ ৯৫.৫৬%**	১০০%	-
	৬৮০০	**খ. মূলধন ব্যয়ঃ**				-		
৪১১২১০১	৬৮০৭	গাড়ী (মাইক্রোবাস) যানবাহন	১টি	৪০.০০	১টি	-	১টি ১০০%	-
	৬৮১২	ডিজিটাল ক্যামেরা	-	-	-	-	-	-
৩২৫৮১০৫	৬৮১৩	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	-	-	-	-	-	-
৪১১২২০২	৬৮১৫	কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ	১৭৬টি	৫৩.৮৫	১৭৬টি	৫৩.৮৫ ১০০%	১৭৬টি ১০০%	-
৪১১৩৩০১	৬৮১৭	কম্পিউটার সফ্টওয়্যার	৫টি	৫.০০	৫টি	০.৬৮ ১৩.৬০%	-	-
৪১১২৩১০	৬৮১৯	অফিস যন্ত্রপাতি	৪টি	৫.০০	৪টি	৩.০০	২টি	-

নতুন কোড নং	পুরাতন কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
				আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক %	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
						৬০%	৩৩.৩৩%	
৪১১২৩১৪	৬৮২১	আসবাবপত্র	১৭৭টি	৩.০০	১৭৭টি	৩.০০ ১০০%	১২টি ১০০%	-
৪১১২৩০৩	৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	১.০০	থোক	০.৯৯ ৯৯%	থোক ১০০%	-
	৬৮৫১	অন্যান্য	-	-	-	-	-	-
মোট মূলধন ব্যয়			-	**১০৭.৮৫**	-	**১০১.৫২ ৯৪.১৩%**	-	-
সর্বমোট ব্যয় (ক+খ)			-	**৩৫০১.২৭**	-	**৩৩৪৪.৫৪ ৯৫.৫২%**	-	-
মোট প্রকল্প ব্যয়			-	**৩৫০১.২৭**	-	**৩৩৪৪.৫৪ ৯৫.৫২%**	-	-

১২। উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩,৩৪৪.৫৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৫.৫২% শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩। প্রকল্পের অনুকূলে বছর ভিত্তিক এডিপি বরাদ্দ এবং অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্য				টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০১৭-১৮	১৬৫৯.১৮	১৬৫৯.১৮	-	৫০%	১৬৫৯.১৮	১৬৫৯.১৮	১৬৫৯.১৮	-	৫০%
২০১৮-১৯	১৮১৩.০০	১৮১৩.০০	-	৫০%	১৮১৩.০০	১৬৮৫.৩৬	১৬৮৫.৩৬	-	৫০%
সর্বমোট	**৩৪৭২.১৮**	**৩৪৭২.১৮**	**-**	**১০০%**	**৩৪৭২.১৮**	**৩৩৪৪.৫৪**	**৩৩৪৪.৫৪**	**-**	**১০০%**

১৪. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ (১,২,৩...)	দরপত্র আহ্বান		চুক্তি		কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
	তারিখ	প্রাক্কলিত মূল্য	তারিখ	চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
০১	১০/০৫/২০১৮	৪০.০০	১০/০৬/২০১৮	৩৯.৯৯	১২/০৬/২০১৮	১২/০৬/২০১৮	-
০২	২৩/০৫/২০১৮	২১.০০	১২/০৬/২০১৮	২০.৯৮	১৮/০৬/২০১৮	১৮/০৬/২০১৮	-
০৩	২৩/০৫/২০১৮	৫৪.২০	২৪/০৬/২০১৮	৫৩.৬০	২৬/০৬/২০১৮	২৬/০৬/২০১৮	-
০৪	০৪/০৩/২০১৮	৬.০০	২৪/০৩/২০১৮	৬.০০	১৫/০৩/২০১৮	১৫/০৩/২০১৮	-
০৫	২২/০১/২০১৯	৬.০০	১০/০২/২০১৯	৬.০০	১৪/০২/২০১৯	১৪/০২/২০১৯	-

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
০১।	একেএম আশরাফুল হক	যুগ্ম-পরিচালক	পূর্ণকালীন	জুলাই ২০১৭ - জুন ২০১৯

১৬। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন ঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(ক) দক্ষ ও কার্যকরীভাবে তথ্য সংগ্রহ, প্রচার করা, জাতীয় এবং স্থানীয় পর্যায়ে বছরভিত্তিক দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে উন্নত ও শক্তিশালী করা।	(ক) জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে উন্নত ও শক্তিশালী করা হয়েছে।
(খ) সময়পোযোগী সম্প্রসারিত ডাটাবেস প্রদান করা যা কম্পিউটার নেটওয়ার্ক এবং ইন্টারনেটে তাৎক্ষণিকভাবে শেয়ার করতে পারে।	(খ) উদ্দেশ্য অর্জিত হয়েছে
(গ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জন্ম, মৃত্যু রেজিস্ট্রেশন পদ্ধতির সাথে Sample Vital Registration পদ্ধতির সমন্বয়ের উদ্যোগ ও সহযোগিতা করা।	(গ) উদ্দেশ্য অর্জিত হয়েছে
(ঘ) জনতাত্ত্বিক ও আর্থ-সামাজিক তথ্যের উন্নয়ন করা।	(ঘ) জনতাত্ত্বিক ও আর্থ-সামাজিক তথ্যের উন্নয়ন সাধিত হয়েছে।
(ঙ) বর্তমান জনতাত্ত্বিক তথ্যের পরিধি ও আওতার প্রয়োজনীয়তা মেটানোর লক্ষ্যে চলমান Vital Statistics সম্পর্কিত ডাটাবেসকে শক্তিশালী করা।	(ঙ) Vital Statistics সম্পর্কিত ডাটাবেসকে শক্তিশালী করা হয়েছে।
(চ) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার নিম্নলিখিত গুরত্বপূর্ণ ৪টি সূচক- (a) Under Five Mortality Rate (U5MR); (b) Infant Mortality Rate (IMR); (c) Maternal Mortality Ratio (MMR); (d) Total Fertility Rate (TFR)- এর অগ্রগতি পর্যবেক্ষণ করা।	(চ) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (MDG) গুরুত্বপূর্ণ ৪টি সূচক এর অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়েছে। উল্লেখ্য যে, Under Five Mortality Rate (U5MR) ২০০৫ সালে ছিল ৬৮ জন, যেটি ২০১৬ সালে ৪৭ এ নেমে এসেছে এবং Infant Mortality Rate (IMR), ২০০৫ সালের ছিল প্রতি হাজারে ৫০ জন, যা ২০১৬ সালে ৩৬ এ নেমে এসেছে। এছাড়া Maternal Mortality Ratio (MMR) প্রতি হাজারে ২০০৫ সালে ৩.৪৮ হতে ২০১৬ সালে ২.১০ এ নেমে এসেছে এবং Total Fertility Rate (TFR) ২০০৫ সালে ২.৪৬ হতে ২০১৬ সালে ২.১২ এ নেমে এসেছে। আরো উল্লেখ্য যে, Expectation of life ২০০০ সালে ৬৩.৬ হতে ২০০৯ সালে ৬৭.২ এ উন্নীত হওয়ায় সম্প্রতি সরকারী চাকুরীর বয়সসীমা ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা হয়েছে। ২০১৬ সালের প্রকাশনা অনুযায়ী Expectation of life ৭১.৬ তে উন্নীত হয়েছে। যার মধ্যে পুরুষ ৭০.৩ এবং মহিলাদের প্রত্যাশিত গড় আয়ু ৭২.৯ বছর।
(ছ) জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার প্রয়োগ করে সকল পর্যায়ের ব্যবহারকারীর উপযোগী জনসংখ্যা অভিক্ষেপ তৈরি করা।	(ছ) জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে উন্নত ও শক্তিশালী করা হয়েছে। জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার প্রয়োগ করে সকল পর্যায়ের ব্যবহারকারীর উপযোগী জনসংখ্যার অভিক্ষেপ তৈরি করা হয়েছে।

১৭. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৮. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৯. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

২০. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

২১.০ মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

২১.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

২১.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

২২.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তববায়ন অবস্থা পর্যালোচনাঃ

গত ১০.১০.২০১৯ তারিখে প্রকল্প কার্যালয়, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকাপরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তববায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

২২.১ প্রকল্পটি জাতীয় ও স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য ভিত্তিক নীতিনির্ধারণ, পরিকল্পন প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন কাজে সরকারী পর্যায়ে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহের মাধ্যমে সহযোগিতা প্রদান করে আসছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণের পরীক্ষামূলক কার্যক্রমে কারিগরী সহযোগিতা প্রদানসহ তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটাবেইজ ব্যবস্থাপনায় সহায়তা প্রদানের লক্ষ্যে সর্ব প্রথম সেম্পল ভাইটাল রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। বর্তমান সরকার কর্তৃক গৃহীত স্থানীয় পর্যায়ে ডাটাবেইজ ব্যবস্থাপনার কাজে এমএসভিএসবি প্রকল্পের তথ্য অন্যতম সময়োপযোগী যা সরকারের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অগ্রণী ভূমিকা পালন করছে।

২২.২ প্রকল্পের আওতায় দ্বৈত পদ্ধতিতে দু'টি পৃথক সংগ্রহ পদ্ধতি অনুসরণ করা হয় যার একটি হল স্থানীয়ভাবে নির্বাচিত ও এলাকার স্থায়ী বাসিন্দা একজন রেজিষ্ট্রার নমুনা এলাকায় সংঘটিত জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য তাৎক্ষনিকভাবে সংগ্রহ করে পরিসংখ্যান ব্যুরোর সদর দফতরে প্রেরণ করেন। অপর পদ্ধতি হল ব্যুরোর মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক প্রতি ০৩ (তিন) মাস অন্তর একই তথ্য গণনা ও তদারকীর ভিত্তিতে একই নমুনা

এলাকার তথ্য সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য পরে ম্যাচিং করে সঠিকতা যাচাই করা হয় এবং প্রকৃত ঘটনাসংখ্যা নির্ণয় করে বিভিন্ন জনমিতিকসূচক Estimate সম্বলিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হয়।

২২.৩ এমএসভিএসবি (২য় পর্যায়) প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে সারাদেশে নির্বাচিত ২০১২ টি psu হতে ১১ ধরনের তফসিলের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্যের ডাটা এডিট করে চুড়ান্ত প্রতিবেদন প্রকাশ করা হবে মর্মে জানা গেছে।

২২.৪ প্রকল্পের আওতায় ১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছিল। পরিদর্শনকালে জানা যায় মাইক্রোবাসটি "মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) " শীর্ষক প্রকল্পে স্থানান্তর করা হবে মর্মে জানা গেছে।

২২.৫ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়গুলোকে শক্তিশালী করার নিমিত্ত এ প্রকল্পের আওতায় ৮২টি ডেস্কটপ কম্পিউটার মাঠপর্যায়ের কার্যালয়গুলোতে সরবরাহ করা হয়। প্রকল্পের নথিপত্র যাচাইকালে দেখা যায় যে, যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক মালামাল ক্রয় করা হয়েছে এবং চাহিদা অনুযায়ী বিভাগ/জেলা/উপজেলা অফিসে সঠিকভাবে বিতরণ করা হয়েছে।

২২.৬ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের কাজের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২৩.০ <u>প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ</u>

২৩.১ প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী প্রতি বছরের শেষভাগে ঐ বছরের প্রতিবেদন প্রকাশ করার কথা। কিন্তু প্রকৃতপক্ষে প্রতিবেদন প্রকাশ করতে

কিছুটা বিলম্ব হয়েছে। প্রতিবেদন বিলম্বে প্রকাশের কারণে প্রতিবেদনের তথ্যের কার্যকারিতা হ্রাস পায়।

২৩.২ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২৩.৩ বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন UNDPA এর সহায়তা অন্য একটি প্রকল্প "স্ট্রেংদেনিং ক্যাপানিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রফিক ডাটা কালেকশন ইউজিং জিআএস" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আলোচ্য প্রকল্পের মাঠ পর্যায়ের সংগৃহিত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার ব্যবস্থা করার কথা। সে মোতাবেক সংগৃহীত তথ্য Online-এ এন্ট্রি করা হয়নি মর্মে পরিলক্ষিত হয়েছে।

২৩.৪ প্রকল্পটির ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি মর্মে জানা গেছে।

২৪.০ <u>সুপারিশঃ</u>

২৪.১ প্রতিবেদন বছর ভিত্তিক প্রকাশ করতে হবে। বিলম্বে প্রতিবেদন প্রকাশিত হলে এর কার্যকারিতা অনেকাংশে কমে যায়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করা হলে বছরভিত্তিক প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাকে আরো তৎপর হতে হবে;

২৪.২ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাঠ পর্যায়ের সংগৃহিত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করার উদ্যোগ নিতে হবে যা প্রতিবেদন যথাসময়ে প্রকাশ করার সহায়ক হবে;

২৪.৩ প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক;

২৪.৪ ভবিষ্যতে রাজস্ব বাজেটের মাধ্যমে এ জাতীয় কাজ পরিচালনা করা যেতে পারে। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে জনশুমারির মধ্যবর্তী বছরসমূহের জনসংখ্যা ও জনতাত্তিক সূচকসমূহের অবস্থা জানার কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে সংশ্লিষ্ট সংস্থা ও বিভাগের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

২৪.৫ প্রকল্পের ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

২৪.৬ অনুচ্ছেদ ২৪.১ – ২৪.৫ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদী সম্পর্কে আইএমইডি'কে এক (১) মাসের মধ্যে অবহিত করতে হবে।

হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)

১.০ প্রকল্পের নাম : হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২.০ উদ্যোগী মন্ত্রণালয় : পরিকল্পনা মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪.০ প্রকল্প এলাকা : সমগ্র বাংলাদেশ

৫.০ প্রাক্কলিত ব্যয় :

প্রাক্কলিত ব্যয়	:	মোট	টাকা	প্রকল্প সাহায্য	হ্রাস/বৃদ্ধি
৫.১ মূল	:	১,০৫৪.৬০	৭০০.৫৮	৩৫৪.০২	-
৫.২ প্রথম সংশোধিত অনুমোদিত	:	২২০২.৫০	১,৮৪৮.৪৮	৩৫৪.০২	বৃদ্ধি
৫.৩ দ্বিতীয় সংশোধিত অনুমোদিত	:	১,৫৬৯.৭৩	১,৩৮০.১০	১৮৯.৬৩	হ্রাস

৬.০ বাস্তবায়নকাল :

বাস্তবায়নকাল	:	আরম্ভ	সমাপ্তি
৬.১ মূল অনুমোদিত	:	১ জুলাই, ২০১৪	৩০ জুন, ২০১৭
৬.২ প্রথম সংশোধিত (অনুমোদিত)	:	১ জুলাই, ২০১৪	৩০ জুন, ২০১৭
৬.৩ দ্বিতীয় সংশোধিত (অনুমোদিত)	:	১ জুলাই, ২০১৪	৩১ ডিসেম্বর, ২০১৮

৭.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১ পটভূমিঃ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ১৯৭৩-৭৪ সাল হতে খানার ব্যয় নির্ধারণের জন্য একটি জরিপ চালিয়ে আসছে, যা "Household Expenditure Survey (HES)" নামে পরিচিত ছিল। ২০০০ সালে এ জরিপের প্রশ্নপত্রে 'Income Module' বিশদভাবে সংযোজন করা হয়, ফলে ২০০০ সাল হতে এ জরিপ "Household Income and Expenditure Survey (HIES) নামে পরিবর্তন করা হয়। ২০১০ সালে সর্বশেষ এ জরিপ অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় পরবর্তী HIES ২০১৬ সালে অনুষ্ঠিত হচ্ছে। জরিপের মাঠ পর্যায়ের কাজ ১ এপ্রিল, ২০১৬ থেকে শুরু হয়েছে যা ২০১৭ সালের মার্চ মাস পর্যন্ত চলবে।

HIES বিবিএস এর একটি নিয়মিত কার্যক্রম। দেশের দারিদ্র্য সংক্রান্ত তথ্য একমাত্র এ জরিপ হতে পাওয়া যায়। HIES এর তথ্য এক দিকে যেমন দেশের দারিদ্র্য পরিস্থিতি নির্ণয়ে সহায়ক ভূমিকা পালন করে তেমনি বাংলাদেশের দারিদ্র্য হ্রাসের কৌশলপত্র, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর তথ্য সহায়তা প্রদান করে থাকে। দ্রুত কর্মসংস্থান বান্ধব অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং দারিদ্র্য হ্রাসের জন্য কর্মসূচি নেয়া সরকারের জন্য একটি উচ্চ অগ্রাধিকার। এই প্রেক্ষাপটে দারিদ্র্য হ্রাস প্রবণতা নিরীক্ষণ করা প্রয়োজন যা আলোচ্য প্রকল্পের তথ্যের মাধ্যমে করা হবে।

HIES এর প্রশ্নপত্রে ব্যবহৃত সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত মডিউল (SSNP)-কে সমৃদ্ধ করা এবং HIES জরিপের তথ্য ব্যবস্থাপনার উন্নয়নে বিবিএস এর মধ্যে HIES তথ্য ব্যবস্থাপনা অবকাঠামো তৈরীতে বিশ্ব খাদ্য কর্মসূচি প্রথম বারের মত আর্থিক এবং কারিগরী সহায়তা প্রদান করছে। এ প্রকল্পে বিশ্বব্যাংক শুধুমাত্র কারিগরী সহায়তা প্রদান করবে কোন আর্থিক সহায়তা প্রদান করবে না।

৭.২ উদ্দেশ্যঃ

- ❖ জেলা পর্যায়ে দারিদ্র্য ও বৈষম্য এবং এতদসম্পর্কীয় পরিসংখ্যান নিরুপন করা;
- ❖ সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির ফলাফল এবং তার আওতা (Coverage) দেখা;
- ❖ সিপিআই এবং ব্যয় ভিত্তিক জিডিপির জন্য Weight নির্ণয়ে তথ্য সরবরাহ করা; ও
- ❖ আয় এবং দারিদ্র্য এর গতিপ্রকৃতির উপর একটি প্যানেল স্টাডির জন্য বেঞ্চমার্ক তথ্য সংগ্রহ এবং সেইসাথে দারিদ্র্য ও বৈষম্যের সম্পর্ক বিষয়ের উপর পলিসি ব্রিফ তৈরী করা।
- ❖ প্রথমবারের মত জাতীয়ভাবে কোয়ার্টারলি দারিদ্র্য হার নির্ণয় করা।

৭.৩ অনুমোদন পর্যায়ঃ হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে শীর্ষক প্রকল্পটি মোট ১০৫৪.৬০ লক্ষ টাকা (জিওবি ৭০০.৫৮ + প্রকল্প সাহায্য ৩৫৪.০২) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৪ থেকে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১০-০৫-২০১৫ তারিখে অনুমোদিত হয়।

৮.০ প্রকল্প সংশোধনঃ

৮.১ ১ম সংশোধনঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) শীর্ষক প্রকল্পটির মূল দলিল (DPP) তৈরীর সময়ে প্রকল্পের প্রধান কার্যক্রম Household Income and Expenditure Survey (HIES) শীর্ষক জরিপের মাধ্যমে পূর্বের অন্যান্য HIES জরিপের ন্যায় বিভাগীয় পর্যায়ে দারিদ্র্য নিরুপণের পরিকল্পনা করা হয়েছিল। বর্তমানে জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন নীতি প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য দেশের জেলা পর্যায়ে দারিদ্র্য পরিমাপ করা প্রয়োজন। এ প্রেক্ষিতে ১ম সংশোধিত প্রকল্পে (DPP) এর ৭২০টি PSU এর পরিবর্তে ২২৪০টি PSU নির্ধারণ করা হয়। ফলে প্রকল্প মেয়াদ অপরিবর্তিত রেখে প্রাক্কলিত ব্যয় ২২০২.৫০ লক্ষ টাকা (জিওবি ১৮৪৮.৪৮+ প্রকল্প সাহায্য ৩৫৪.০২) নির্ধারণপূর্বক পকল্পে ১ম সংশোধন আনা হয় যা মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০৯/০৩/২০১৬ তারিখে অনুমোদিত হয়।

৮.২ ২য় সংশোধনঃ প্রয়োজনীয়তার নিরিখে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২০২.৫০ লক্ষ টাকা থেকে হ্রাস করে ১৫৬৯.৭৩ লক্ষ নির্ধারণ করা হয় এবং মেয়াদকাল ৩০ জুলাই, ২০১৮ তারিখ থেকে বৃদ্ধি করে ডিসেম্বর, ২০১৮ করা হয় এবং খ্রি: মোতাবেক প্রকল্পটির মেয়াদ ব্যয় পূর্বক স্থলে টাকায় ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ৬ মাস বৃদ্ধি করা হয়। দ্বিতীয়বার সংশোধন করা হয় যা গত ৩০ জুলাই, ২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন করা হয়।

৯.০ প্রকল্পটির মূল কার্যক্রমঃ

ক) আয়, ব্যয় এবং দারিদ্র্যের উপর পরিসংখ্যান প্রদান;

খ) এসডিজির লক্ষ্যমাত্রা ১ ও ২ এর বিভিন্ন সূচকের পরিবর্তন পরিবীক্ষণ করা।

গ) আয় ও দারিদ্র্য এর গতিবিধির উপর প্যানেল স্টাডির জন্য একটি বেঞ্চমার্ক তথ্য ভান্ডার তৈরী করা;

ঘ) দারিদ্র্য ও বৈষম্যের উপর পলিসি ব্রিফ তৈরী করা।

১০.০ প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প অফিস হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে):

অর্থনৈতিক কোড		অংজ্ঞের নাম	টিপিপি অনুযায়ী প্রাক্কলন		ডিসেম্বর, ২০১৮ অর্থাৎ প্রকল্প সমাপ্তি পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
নুতন	পুরাতন		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (প্র: সা:)
৩২১১২০১	৪৬০১	আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত জনবলের বেতন		৩১.৪৬		২৪.৯৬
-	৪৬০৫	ভ্যাট/ট্যাক্স/কমিশন		-		-
১১১৩২৫	৪৭১৩	উৎসব ভাতা		৩.৭২		২.৭২
৩১১১৩০৩	৪৭৫৩	গণনাকারী/ডিইইউ/মহিলা সাহায্যকারীর বেতন		৪৩৩.৩২		৪৩৩.৩২
২৪১১১০১	৪৮০১	ভ্রমণ ব্যয় (টিএ / ডিএ)		৩৩৩.৪৮		৩৩৩.৪৮
৩২১১১২০	৪৮১৬	টেলিফোন / টেলিগ্রাম / টেলিপ্রিন্টার এর বিল		০.৬৯		০.৪৮
৩২১১১১৭	৪৮১৭	ইন্টারনেট / ফ্যাক্স / টেলেক্স এর বিল		৯.৬৯		৯.৬০
৩২২১১০৪	৪৮১৮	রেজিষ্ট্রেশন ফি		২.৭৫		০.০৫
৩২৪৩১০২	৪৮২৩	গ্যাস ও জ্বালানী		১৭.০০		১৫.১৩
৩২৪৩১০১		পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট				০.৩০
৩২৫৫১০২	৪৮২৭	মূদ্রণ ও বাধাই (প্রিন্টিং এন্ড পাবলিকেশন)		৯৭.৫৩		৯৭.৫০
৩২৫৫১০৪	৪৮২৮	স্ট্যাম্প ও সীল		৮.৬৯		৬.৭৯
৩২৫৫১০৫		অন্যান্য মনিহারি				১.৭৯
৩২১১১২৭	৪৮৩১	বইপত্র / সাময়িকী / পেপার বিল		০.৮৬		০.৮৭
৩২১১১৩৩		যাতায়াত ব্যয়				০.১২
৩২১১১২৫	৪৮৩৩	প্রচার / বিজ্ঞাপণ		৫.১৩		৫.১৩
৩২৩১২০১	৪৮৪০	প্রশিক্ষণ ব্যয় / শিক্ষা ভ্রমণ		১৬২.৮৯		১৬২.৮৯
৩২১১১১১	৪৮৪২	সেমিনার / কনফারেন্স / ওয়ার্কসপ		৬.৩৮		৩.৮৮
৩২১১১০৬	৪৮৪৫	আপ্যায়ন				১.০৮
৩২২১১০৬	৪৮৪৬	মালামাল পরিবহন ব্যয়		৩.৫০		৩.০০
৩২১১১০৯	৪৮৫১	অনিয়মিত শ্রমিক		২.৩৬		৯.৭০
৩২৫৭১০১	৪৮৭৪	পরামর্শক (স্থানীয় পরামর্শক)		৮০.৬৪ (৫৩.৯০)		৮০.৬৪ (৫৩.৯০)
৩২৫৭২০৬		সম্মানী ভাতা				০.৬৮
৩২৫৭২০৬	৪৮৮৩	প্রি-টেস্ট / সম্মানী / এস এস এন পি মডিউলের কাজ		২৫.২২ (২৩.২২)		২.০০
৩২৫৭১০৪	৪৮৮৬	সার্ভে		১৬৮.৮৭ (৬২.৯৩)		১৬১.৫৫
৩২৫৫১০১	৪৮৮৮	কম্পিউটার সামগ্রী		৬.৫৬		৬.৫১
৩২১১১০৯	৪৮৯৩	গাড়ী ভাড়া ব্যয়		০.৭১		০.৭১
-	৪৮৯৯	অন্যান্য ব্যয় (ব্যবহার্য দ্রব্যাদি)		২৪.০৪		২২.৪২
৩২৫৮১০১	৪৯০১	গাড়ী মেরামত ও সার্ভিসিং (টায়ার ক্রয়)		৬.৭৫		৬.৬০
৩২৫৮১০৩	৪৯১১	কম্পিউটার ও অফিস সরন্জাম		১.৬১		১.৫৯
		মোট রাজস্ব ব্যয়		১৪৩৩.৮৫		১,৩৯৫.৪৯
	৬৮০০	মূলধণ	-	-	-	-
	৬৮১৩	ফটোকপিয়ার, মডেম		৬.৩৪		৬.৩৪
৪১১২২০২	৬৮১৫	ল্যাপটপ কম্পিউটার		৭৬.০০		৭৬.০০

অর্থনৈতিক কোড		অংঙ্গের নাম	টিপিপি অনুযায়ী প্রাক্কলন		ডিসেম্বর, ২০১৮ অর্থাৎ প্রকল্প সমাপ্তি পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
নুতন	পুরাতন		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (প্র: সা:)
৪১১২৩১৪	৬৮২১	ফার্নিচার		৩.৯৬		৩.৯৬
৪১১২২০৪	৬৮২৩	বিবিএস এর মধ্যে জরিপের ডাটা ব্যবস্থাপনার আপডেট		৪৯.৫৮ (৪৯.৫৮)		৪৯.৫৮ (৪৯.৫৮)
		মোট মূলধন		১৩৫.৮৮ (৪৯.৫৮)		১৩৫.৮৮
		সর্বমোট ব্যয়		১,৫৬৯.৭৩ (১৮৯.৬৩)		১,৫৩১.৩৭

১১.০ উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১,৫৩১.৩৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৭.৫৫% শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১২.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত
ড. দিপংকর রায়	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, উপসচিব	০৭/০৬/২০১৫ হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত	নিয়মিত

১৩.০ বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লষণ (কাঙ্খিত অগ্রগতি না হলে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা)	অর্থবছর	পরিকল্পিত লক্ষমাত্রা	অগ্রগতি		মন্তব্য
		মূল টিপিপি অনুযায়ী (প্র: সা:)	এডিপি বরাদ্দ (প্র: সা:)	ব্যয়	
	২০১৪-১৫	২৪২.৭০ (৬১.২২)	-	-	
	২০১৫-১৬	৭১৪.৪২ (২৪২.১৭)	১৩৭২.০০ (৩৫৪.০০)	৫৩৫.২২ (৫৩.৯০)	
	২০১৬-১৭	৯৭.৪৮ (-)	১০৩০.০০ (২১৬.০০)	৭৬৪.৬৫ (৬৯.৮৫)	
	২০১৭-১৮	৬৩৭.৬৩ (RTAPP) (-)	৩১২.০০ (৬৮.০০)	১৪২.৪৬ (৩৮.১৩)	
	২০১৮-১৯	১২৭.৪০ (RTAPP) (২৭.৭৫)	৮৯.০০ (-)	৮৯.০৪ (-)	
	মোট:			১৫৩১.৩৭	
	প্রকল্প পরিচালকের ব্যাখ্যাঃ প্রকল্পটি সফলভাবে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের দুটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। বছরভিত্তিক বাজেট অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় পুরোপুরিভাবে করা না গেলেও সকল কার্যক্রম সফলভাবে শেষ করা হয়েছে। দেশের দারিদ্র্য অবস্থার পরিবীক্ষণ ও দারিদ্র্য বিমোচনের পরিকল্পনা গ্রহণের জন্য প্রকল্পের কার্যক্রম চলমান রাখা প্রয়োজন।				

১৪.০ অনুমোদিত ক্রয় পরিকল্পনার বিপরীতে অগ্রগতি			প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যানুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার পরিপেক্ষিতে বছরভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ: (লক্ষ টাকায়)			
অর্থবছর	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		এডিপি বরাদ্দ	বাস্তবায়ন অগ্রগতি		মন্তব্য
	কাজ	পরিমান		পরিমান	আর্থিক	
২০১৪-১৫				-	-	
২০১৫-১৬	(১) ল্যাপটপ কম্পিউটার (২) প্রশ্নপত্র ও ম্যানুয়াল মূদ্রণ (৩) মডেম ক্রয়/সংগ্রহ (৪) আউটসোসিং সেবা ক্রয় (৫) প্রশ্নপত্র মূদ্রণ ও বাধাই (৬) স্টেশনারী মালামাল ক্রয় (৭) জরিপ সামগ্রী ও মালামাল ক্রয় (৮) আসবাবপত্র ক্রয় (৯) কনসালটেশান সেবা ক্রয়	৯টি	১,৯৩,৯১,০০০	৯টি	১,৫২,৬৫,০০০	
২০১৬-১৭	(১) জরিপ প্রশ্নপত্র মূদ্রণ (২) ফটোকপিয়ার ক্রয়	২টি	৩৪,০০,০০০	২টি	২৭,৩২,০০০	
২০১৭-১৮	(১) শিক্ষা ভ্রমণ (২) (২) প্রিলিমিনারী রিপোর্ট মূদ্রণ	৩টি	১,২২,৩৮,০০০	২টি	৪৫,৭১,০০০	
২০১৮-১৯	(১) ফলোআপ সার্ভে, (২) চূড়ান্ত রিপোর্ট মূদ্রণ	২টি	৭০,০০,০০০	২টি	৬৯,৯৭,০০০	
	মোট=		৪,২০,২৯,০০০		২,৯৫,৬৫,০০০	

১৫. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৬. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৭. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৮. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

১৯.০ মূল্যায়ন অগ্রগতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

১৯.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১৯.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

২০.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তববায়ন অবস্থা পর্যালোচনাঃ

গত ১৭.১১.২০১৯ তারিখে প্রকল্পের প্রধান কার্যালয়, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা পরিদর্শন করা হয়। পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের মূল কার্যক্রমসমূহের বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

২০.১ ২০১৬ সালের জানুয়ারী মাসে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের জন্য আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর নমুনা এলাকাকে Sample frame বিবেচনা করে সারা দেশে ২৩০৪টি পিএসইউ (PSU) নির্বাচন করা হয়। প্রতিটি পিএসইউ থেকে খানা তালিকা প্রস্তুত করে কম্পিউটারে ধারণ করা হয়। তা থেকে তথ্য সংগ্রহের জন্য ২০টি করে খানা নির্বাচন করা হয়।

২০.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৮ জন কর্মকর্তাকে ইন্দোনেশিয়াতে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং মোট ১১৬৩ জন কর্মকর্তা ও কর্মচারীদের স্থানীয় রিফ্রেসার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া সেমিনার ও কর্মশালা আয়োজনের মাধ্যমেও কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা হয়েছে।

২০.৩ প্রকল্পের আওতায় ১৩০টি ল্যাপটপ ও সার্ভে সংক্রান্ত অন্যান্য সামগ্রী পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক ক্রয় করা হয়। পরিদর্শনকালে ল্যাপটপগুলি সঠিকভাবে দেখতে পাওয়া যায়। এছাড়া প্রকল্পে ব্যবহৃত সকল পণ্য, কার্য ও সেবা যেমনঃ কাগজ, কলম, পেন্সিল, শার্পনার, ইরেজার, মার্কার কলম, পেন ড্রাইভ, কম্পিউটার, ল্যাপটপ, স্ক্যানার, ফটোকপিয়ার ইত্যাদি টিপিপি'র সংস্থান অনুযায়ী সুষ্ঠুভাবে ও পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক সম্পন্ন করা হয়েছে।

২০.৪ মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ পর্যন্ত ১ম (এপ্রিল-জুন, ২০১৬), ২য় (জুলাই-সেপ্টেম্বর, ২০১৬) ও ৩য় (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬) ত্রৈমাসিক দারিদ্র্য হার নিরুপন কর হয়েছে। ৪র্থ (জানুয়ারী-মার্চ,২০১৭) ত্রৈমাসিক দারিদ্র্য হার ও জাতীয় ভাবে দারিদ্র্য হার রিরুপনসহ ও প্রাথমিক রিপোর্ট প্রকাশ করা হয়।

২০.৫ পরিদর্শনকালে দেখা যায় যে, হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) এর চূড়ান্ত প্রতিবেদন গত ১৭ জুন, ২০১৯ খ্রি: তারিখে প্রকাশ করা হয়েছে।

২১.০ প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ

২১.১ প্রকল্পটি প্রাথমিকভাবে ১,০৫৪.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩ বছরের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ২ বার সংশোধনের ফলে বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধি পায় ও প্রকল্প ব্যয় বৃদ্ধি করে ২,২০২.৫০ লক্ষ টাকা করা হয়। এরপর প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২০২.৫০ লক্ষ টাকা থেকে হ্রাস করে ১৫৬৯.৭৩ লক্ষ নির্ধারণ করা হয় এবং মেয়াদকাল ৩০ জুলাই, ২০১৮

তারিখ থেকে বৃদ্ধি করে ডিসেম্বর, ২০১৮ করা হয় অর্থাৎ ৬ মাস বৃদ্ধি করা হয়। এভাবে বারবার প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয়।

২১.২ প্রকল্পের উদ্দেশ্য ও কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতি বছরের শেষভাগে ঐ বছরের প্রতিবেদন প্রকাশ করার কথা। কিন্তু প্রকৃতপক্ষে প্রতিবেদন প্রকাশ করতে কিছুটা বিলম্ব হয়েছে। প্রতিবেদন বিলম্বে প্রকাশের কারণে প্রতিবেদনের তথ্যের কার্যকারিতা হ্রাস পায়।

২১.৩ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যক্রম বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২১.৪ পরিদর্শনকালে দেখা যায় যে, মাঠ পর্যায়ে সার্ভের কাজের জন্য প্রকল্পের আওতায় ১৩০টি ল্যাপটপ ক্রয় করা হয়। কিন্তু মাঠ পর্যায়ের কাজ শেষে ল্যাপটপগুলি প্রকল্প কার্যালয়ে আলমিরাতে সংরক্ষণ করা হয়েছে। এভাবে দীর্ঘদিন যাবৎ ল্যাপটপগুলি অব্যবহৃত অবস্থায় থাকলে নষ্ট/অকেজো হওয়ার সম্ভাবনা থাকে। ফলে সরকারী অর্থের অপচয় হয়।

২১.৫ শুমারী/জরিপ পরিচালনা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর নিয়মিত কাজ। উন্নয়ন বাজেট থেকে পরিচালনা না করে রাজস্ব বাজেটের মাধ্যমে এ জাতীয় পরিচালনা করা সঠিক হবে মর্মে প্রতীয়মান হয়।

২১.৬ প্রকল্পটির ২০১৭-১৮ অর্থবছরের অডিট অনিষ্পন্ন আছে এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি মর্মে নথি পর্যালোচনা করে জানা গেছে।

২২.০ সুপারিশঃ

২২.১ প্রকল্পটি ২ বার সংশোধনের ফলে বাস্তবায়নকাল ১ বছর ৬ মাস বৃদ্ধি পায় ও প্রকল্প ব্যয় মূল ব্যয় থেকে হ্রাস/বৃদ্ধি ঘটে। এভাবে প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয়। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

২২.২ প্রতিবেদন বছর ভিত্তিক প্রকাশ করতে হবে। বিলম্বে প্রতিবেদন প্রকাশিত হলে এর কার্যকারিতা অনেকাংশে কমে যায়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করা হলে বছরভিত্তিক প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাকে আরো তৎপর হতে হবে;

২২.৪ শুমারী/জরিপ প্রতি ৫ বছর পর পরিচালনা করতে হয়। কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে ভবিষ্যতে এ জাতীয় শুমারী/জরিপ উন্নয়ন খাতের পরিবর্তে রাজস্ব বাজেটের অর্থ দ্বারা নিয়মিত কাজের অংশ হিসেবে পরিচালনা করা যায় কিনা সে বিষয়টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বিবেচনায় রাখবে;

২২.৫ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ১৩০টি ল্যাপটপ যথাযথভাবে সংরক্ষণ ও সচল রাখার ব্যবস্থা নিতে হবে। এছাড়া ল্যাপটপগুলি বিবিএস এর অধীণ অন্যকোন প্রকল্পে স্থানান্তরিত করা হলে সরকারী অর্থের অপচয় হ্রাস পাবে। এ ব্যাপারে

প্রকল্প কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

২২.৩ প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক;

২২.৬ প্রকল্পের ২০১৭-১৮ ২০১৭-১৮ অর্থবছরের অনিষ্পন্ন অডিট নিষ্পন্ন করতে হবে এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে; এবং

২২.৭ অনুচ্ছেদ ২২.১-২২.৬ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন (২য় সংশোধিত)
শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)

১। **প্রকল্পের নাম**	:	**ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন (**২য় সংশোধিত**) শীর্ষক সমাপ্ত প্রকল্প।**
২। **বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩। **প্রশাসনিক মন্ত্রণালয়**	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৪। **প্রকল্প এলাকা**	:	প্রধান কার্যালয়,আগারগাঁও, ঢাকা।

৫। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**ব্যয় হ্রাস/বৃদ্ধির %)**
৫.১) মূল	:	৬৮৬	৬৮৬	০০	-
৫.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	৭৩৪	৭৩৪	০০	১৪ লক্ষ টাকা বৃদ্ধি (৬.৫৪%)
৫.৩) ২য় সংশোধিত অনুমোদিত	:	৭০০	৭০০	০০	৩৪ লক্ষ টাকা হ্রাস (৪.৬৩%)
৫.৪) প্রকৃত ব্যয়	:	৬৯৪.৫২	৬৯৪.৫২	০০	৫.৪৮ লক্ষ টাকা কম (০.৭৮%)

৬। বাস্তবায়নকাল	:	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত	:	০১ এপ্রিল-২০১৫	৩১ ডিসেম্বর-২০১৬
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	০১ এপ্রিল-২০১৫	৩১ ডিসেম্বর-২০১৭
৬.৩) ২য় সংশোধিত অনুমোদিত	:	০১ এপ্রিল-২০১৫	৩১ ডিসেম্বর-২০১৮

৭। **প্রকল্প অর্থায়ন** : জিওবি

৮। **সাধারণ পর্যবেক্ষণ :**

৮.১ প্রকল্পের পটভূমি:

স্বাধীনতা পরবর্তী সময় থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বিভিন্ন শুমারি যেমনঃ (অর্থনৈতিক শুমারি, আদম শুমারি, তাঁত শুমারি, কৃষি শুমারি) ও জরিপ পরিচালনাসহ এ সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে বিভিন্ন রিপোর্ট প্রকাশ করে আসছে। এ সকল প্রকাশিত রিপোর্ট/প্রতিবেদন যথাযথ প্রযুক্তির অভাবে সঠিকভাবে সংরক্ষণ করা সম্ভব হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রকাশিত রিপোর্ট/প্রতিবেদনসমূহ শুধুমাত্র বিবিএস গ্রন্থাগারে পাওয়া যায়। এ সমস্ত প্রকাশনাসমূহের পর্যাপ্ত কপি না থাকায় সর্বসাধারণের জন্য প্রদান করা যায় না এবং এ সকল মূল্যবান প্রকাশনাসমূহ দেশি-বিদেশি ছাত্র-শিক্ষক, গবেষক ও বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রদান করা সম্ভব হয় না।

দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে আর্থ-সামাজিক অবস্থার গতিধারা নিরূপণ এবং নীতিনির্ধারণ সংক্রান্ত ঐতিহাসিক তথ্যের প্রয়োজনীয়তা রয়েছে। এ সকল তথ্যের চাহিদা পূরণ করার জন্য বিবিএস প্রকাশিত সকল তথ্যের ডিজিটাইজেশন এর বিকল্প নেই। তাছাড়া ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য/প্রকাশনার ডিজিটাল সংস্করণ এখন সময়ের দাবি। বিবিএস এর নিয়মিত প্রকাশনাসমূহ প্রস্তুতের জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর থেকে তথ্য সংগ্রহ করে থাকে। এ তথ্য অনলাইনে সংগ্রহ করা হয় না বিধায় একদিকে যেমন সঠিক সময়ে তথ্য প্রকাশ করা যায় না, অন্যদিকে অর্থ, সময় ও জনশক্তি অপচয় হয়। তাই আধুনিক প্রযুক্তি ব্যবহার করে অনলাইনের মাধ্যমে ডাটা/তথ্য সংগ্রহ করা হলে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য/পরিসংখ্যান প্রকাশ করা যাবে। এক্ষেত্রে অর্থ, সময় ও জনশক্তি অপচয় উল্লেখযোগ্য হারে হ্রাস করা যাবে এবং অংশীজন ও গবেষক, নীতিনির্ধারকদের দ্রুত পরিসংখ্যান সরবরাহ করে সর্বোত্তম সেবা দেয়া সম্ভব হবে।

৮.২ **(ক) প্রকল্পের উদ্দেশ্য:**

- স্বাধীনতা পরবর্তী সময় হতে এ যাবত কাল প্রকাশিত বিবিএস এর প্রকাশনাসমূহ ডিজিটাইজ করা এবং এতে সার্চিং অপশন সংযোজন করা;
- বিভিন্ন সংস্থা হতে অনলাইন পদ্ধতিতে সেকেন্ডারি ডাটা/তথ্য সংগ্রহ করে ব্যুরোর নিয়মিত প্রকাশনা (পরিসংখ্যান বর্ষগ্রন্থ ও পরিসংখ্যান পকেটবুক)-এর টেবিলসমূহ স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা;
- সাধারণভাবে জনসাধারণের জন্য এবং বিশেষভাবে পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের জন্য পরিসংখ্যান ব্যুরোর প্রকাশনাসমূহ সহজলভ্যকরণ;

(খ) প্রকল্পের মূল কার্যক্রম:

- স্বাধীনতার পর হতে প্রকাশিত বিবিএস এর প্রকাশনাসমূহ ডিজিটাইজ করা এবং এতে সাচিং অপশন সংযোজন করা;
- বিভিন্ন সংস্থা হতে অনলাইন পদ্ধতিতে ডাটা/তথ্য সংগ্রহ করে ব্যুরোর নিয়মিত প্রকাশনা (পরিসংখ্যান বর্ষগ্রন্থ ও পরিসংখ্যান পকেটবুক)-এর টেবিলসমূহ স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা;
- সাধারণভাবে জনসাধারণের জন্য এবং বিশেষভাবে পরিকল্পনাবিদ/নীতিনির্ধারকগণের জন্য পরিসংখ্যান ব্যুরোর প্রকাশনাসমূহ সহজলভ্যকরণ;
- অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশনের উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে (সরকারি-বেসরকারি) ওয়েব এন্যাবল সফটওয়ার ও মোবাইল অ্যাপস প্রস্তুত করা;

৯.০ অনুমোদন পর্যায়ঃ

৯.১ মূল : মূল প্রকল্পটি ১০/০৫/২০১৫ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২৩/০৬/২০১৫ খ্রি. তারিখে একনেক সভায় সদয় অবগতির জন্য উপস্থাপিত হয় ও অনুমোদিত হয়।

৯.২ ১ম সংশোধনী : বাস্তবতার নিরিখে প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় ০৫/০২/২০১৭ খ্রি. তারিখে অনুমোদিত হয় এবং ১২/০৩/২০১৭ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.৩ ২য় সংশোধনী : প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় ২৫/০৪/২০১৮ খ্রি. তারিখে এবং ২৯/০৫/২০১৮ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: (লক্ষ টাকায়)

পুরাতন কোড	নতুন কোড ও অঙ্গের বিবরণী	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪৭৬৯	৩১১১৩২৭-অধীকাল ভাতা	জনঘন্টা	৩.০০	-	৩.০০	-	
৪৮০১	৩২৪১১০১-অভ্যন্তরীন ভ্রমণ	সংখ্যা	২.০০	-	১.৬৪	-	
৪৮১৬	৩২১১১২০-টেলিফোন/মোবাইল	সংখ্যা	১.৪০	-	১.৪০	-	
৪৮১৭	৩২১১১১৭-ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	সংখ্যা	০.৬০	-	০.৬০	-	
৪৮২২	৩২৪৩১০১-পেট্রোল/ওয়েল/লুব্রিকেন্ট	লিটার	৪.৭৬	-	৪.৭৬	-	

পুরাতন কোড	নতুন কোড ও অঙ্গের বিবরণী	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪৮২৩	৩২৪৩১০২-গ্যাস ও ফুয়েল	ঘনফুট	০.৭৪	-	০.৭৪	-	
৪৮২৮	৩২৫৫১০৫-অন্যান্য মনিহারী	আইটেম	১২.৯১	-	১২.৯১	-	
৪৮৩৩	৩২১১১২৫-প্রচার/বিজ্ঞাপন	আইটেম	১১.০০	-	১০.৯৯	-	
৪৮৪২	৩২১১১১১-সেমিনার/ওয়ার্কশপ	সংখ্যা	৩.০০	১	২.৯৯	১	
৪৮৪৫	৩২১১১০৬-আপ্যায়ন খরচ	জন	৩.০০	-	৩.০০	-	
৪৮৭৪	৩২৫৭১০১-কনসালটেন্সি	জনমাস	০.০৯	১	০.০০	-	
৪৮৮৩	৩২৫৭২০৬-সম্মানী/পারিতোষিক	জন	১২.০০	-	১২.০০	-	
৪৮৮৮	৩২৫৫১০১-কম্পিউটার সামগ্রী	সংখ্যা	৪.০০	-	৪.০০	-	
৪৮৯৩	৩২১১১০৯-শ্রমিক মজুরী (কর্মচারি ব্যতিত)	জনদিন	১৬.৫০	-	১৬.৫০	-	
৪৮৯৯	৩২৫৬১০৩-ব্যবহার্য দ্রব্যাদি	আইটেম	৭.০০	-	৭.০০	-	
৪৯০১	৩২৫৮১০১-মটর গাড়ী মেরামত	সংখ্যা	৪.০০	-	৪.০০	-	
মোট রাজস্ব (ক) =			**৮৬.০০**		**৮৫.৫৩**	**-**	
৬৮১৫	৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক	সংখ্যা	১০.৬০	-	১০.৬০	-	
৬৮১৭	৪১১৩৩০১-সফটওয়্যার ব্যয় (অনলাইন সেকেন্ডারি ডাটা)	সংখ্যা	৩১১.৭০	৩	৩০৬.৬৯	৩	
৬৮১৭	৪১১৩৩০১-সফটওয়্যার ব্যয় (ডিজিটাইজেশন অব পাবলিকেশন)	সংখ্যা	২৮০.২০	৩	২৮০.২০	৩	
৬৮১৯	৪১১২৩১০-অফিস সরঞ্জাম	সংখ্যা	৭.০০	-	৭.০০	-	
৬৮২১	৪১১২৩১৪-ফার্নিচার	সংখ্যা	২.০০	-	২.০০	-	
৬৮৬৯	৬৮৬৯-এয়ারকুলার	সংখ্যা	২.৫০	১	২.৪৯	১	
মোট মূলধন (খ) =			**৬১৪.০০**		**৬০৮.৯৯**		
সর্বমোট (ক) + (খ) =			**৭০০.০০**		**৬৯৪.৫২**		

১১। উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় **৬৯৪.৫২** লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৯.২২% এবং বাস্তব অগ্রগতি ৯৯.৫০%।

১২। প্রকল্পের অনুকুলে বছর ভিত্তিক এডিপি বরাদ্দ এবং অগ্রগতি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	এডিপি বরাদ্দ		ছাড়কৃত টাকা	খরচ		টাকা ফেরৎ	অগ্রগতি (%)	
	মোট	জিওবি		মোট	জিওবি		বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৫-২০১৬	৩৪২.০০	৩৪২.০০	৩৪২.০০	২০.৩০	২০.৩০	৩২১.৭০	০.৯৭	১০০.০০
২০১৬-২০১৭	৩৭৭.০০	৩৭৭.০০	৩৭৭.০০	৩৫৬.২৩	৩৫৬.২৩	২০.৭৭	০.৯৯	৯৪.৪৯
২০১৭-২০১৮	২৩১.০০	২৩১.০০	২৩১.০০	২৩০.৮৯	২৩০.৮৯	০.১১	১.০০	৯৯.৯৫

২০১৮-২০১৯ (ডিসেম্বর পর্যন্ত)	৯২.০০	৯২.০০	৯২.০০	৮৭.১০	৮৭.১০	৫.৩৭	০.৯৮	৯৪.১৯
সর্বমোট =	**১,০৪২.০০**	**১,০৪২.০০**	**১,০৪২.০০**	**৬৯৪.৫২**	**৬৯৪.৫২**	**৩৪৭.৯৫**	**৯৯.৫০**	**৯৯.২৩**

১৩। (ক) ডিপিপি / টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ১০ টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

নম্বর	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	১৬/০৭/২০১৬ খ্রি. ৬৫০.০০ লক্ষ টাকা	০২/০৪/২০১৭ খ্রি. ৫৬৭.৭৩ লক্ষ টাকা	৩১/১২/২০১৭	৩১/১২/২০১৮	মূল ৪টি সফটওয়ার ও মোবাইল অ্যাপস
২	০২/০৬/২০১৬ খ্রি. ৫.০০ লক্ষ টাকা	১৬/০৬/২০১৬ খ্রি. ৪.৯৪ লক্ষ টাকা	৩০/০৬/২০১৬	১৬/০৬/২০১৬	-
৩	০৯/০৬/২০১৬ খ্রি. ১.০০ লক্ষ টাকা	১৬/০৬/২০১৬ খ্রি. ০.৯২ লক্ষ টাকা	৩০/০৬/২০১৬	১৬/০৬/২০১৬	-
৪	১৮/০৪/২০১৭ খ্রি. ২.৫০ লক্ষ টাকা	০৩/০৫/২০১৭ খ্রি. ২.৪৯ লক্ষ টাকা	১৩/০৫/২০১৭	১১/০৫/২০১৭	-
৫	১৮/০৯/২০১৮ খ্রি. ৪.০০ লক্ষ টাকা	০১/১০/২০১৮ খ্রি. ৩.৯৮ লক্ষ টাকা	১২/১০/২০১৮	২৪/১০/২০১৮	-
৬	২০/০৯/২০১৮ খ্রি. ৫.০০ লক্ষ টাকা	০২/১০/২০১৮ খ্রি. ৪.৯৮ লক্ষ টাকা	১৫/১০/২০১৮	২০/১০/২০১৮	-
৭	০৪/১০/২০১৮ খ্রি. ৫.০০ লক্ষ টাকা	২৫/১০/২০১৮ খ্রি. ৪.৯৭ লক্ষ টাকা	০৫/১১/২০১৮	১৮/১১/২০১৮	-
৮	০৭/১০/২০১৮ খ্রি. ৫.০০ লক্ষ টাকা	২৫/১০/২০১৮ খ্রি. ৪.৯৭ লক্ষ টাকা	০৫/১১/২০১৮	৩১/১০/২০১৮	-
৯	১১/১০/২০১৮ খ্রি. ১.৫৫ লক্ষ টাকা	২৫/১০/২০১৮ খ্রি. ১.৫৪ লক্ষ টাকা	২৫/১০/২০১৮	২০/১০/২০১৮	-
১০	২০/১১/২০১৮ খ্রি. ৫.০০ লক্ষ টাকা	০৬/১২/২০১৮ খ্রি. ৪.৯৯ লক্ষ টাকা	১৬/১২/২০১৮	১৪/১২/২০১৮	-

১৪। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	**মূল দপ্তর**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত**
(১)	(২)	(৩)	(৪)
০১) জনাব মোঃ নজরুল ইসলাম, সিনিয়র সিস্টেমস এন্যালিষ্ট	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	০৯-০৬-২০১৫ - ০৯-১০-২০১৫	খন্ডকালীন
০২) জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	০৯-১০-২০১৫ - ১৮-১০-২০১৫	খন্ডকালীন
০৩) জনাব মহিউদ্দিন আহমেদ, উপ-পরিচালক	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	১৮-১০-২০১৫ - ২৮-০৮-২০১৬	খন্ডকালীন
৪) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন সিনিয়র প্রোগ্রামার ও প্রকল্প পরিচালক	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	২৮ আগষ্ট, ২০১৬ হতে ৩১ ডিসেম্বর, ২০১৮	খন্ডকালীন ও অতিরিক্ত দায়িত্ব

১৫। উদ্দেশ্যের বিপরীতে অর্জনঃ

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(১)	(২)	(৩)
(১)	স্বাধীনতার পর হতে বিবিএস-এর জরিপ ও শুমারীর প্রকাশনাসমূহ ডিজিটাইজ করে একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে এবং এতে সার্চিং অপসন সংযোজন করণ;	স্বাধীনতার পর হতে বিবিএস-এর জরিপ ও শুমারীর ২,৩৯১ (দুই হাজার তিনশত একানব্বই) টি প্রকাশনাসমূহ ডিজিটাইজ করে **'ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন'** শিরোনামে একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে এবং এতে সার্চিং অপসন সংযোজন করা হয়েছে। বর্তমানে সফটওয়ার-টি বিবিএস ওয়েব-সাইট-এ লিংক প্রদান করা আছে যার লিংক: http://203.112.218.73:8082/
(২)	বিবিএস এর বিভিন্ন তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান হতে সেকেন্ডারি ডাটা অনলাইনে সংগ্রহ/এন্ট্রি করে পরিসংখ্যান বর্ষগ্রন্থ ও পরিসংখ্যান পকেটবুক এর টেবিলসমূহ প্রস্তুত করণ;	বিবিএস এর বিভিন্ন তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান হতে সেকেন্ডারি ডাটা অনলাইনে সংগ্রহ/এন্ট্রি করে পরিসংখ্যান বর্ষগ্রন্থ ও পরিসংখ্যান পকেটবুক এর টেবিলসমূহ প্রস্তুত করার জন্য **'অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন'** শিরোনামে একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সফটওয়ার-টি বিবিএস ওয়েব-সাইট-এ লিংক প্রদান করা আছে যার লিংক: http://203.112.218.73:8082/sysadmin/Login
(৩)	বিবিএস এর তথ্য ব্যবহারকারী ও স্টেকহোল্ডারদের কাছে বিবিএস এর তথ্য/প্রকাশনা সরবরাহ সহজীকরণ করণ;	সফটওয়ার প্রস্তুতের ফলে বিবিএস এর তথ্য ব্যবহারকারী বা স্টেকহোল্ডারদের কাছে বিবিএস এর তথ্য/প্রকাশনা অনলাইনে সরবরাহ করা সম্ভব হচ্ছে ফলে তথ্য সরবরাহ সহজতর হয়েছে।
(৪)	ওয়াই-ফাই সিস্টেমসহ ২৫ (পচিশ) কর্মকর্তাদের জন্য আধুনিক প্রযুক্তিসহ একটি ওয়ার্কস্টেশন প্রস্তুত করণ;	২৫ (পচিশ) জন কর্মকর্তার প্রতি জনের জন্য (ইউপিএস-সহ ১ (এক) সেট কম্পিউটার), ১ (এক) টি ৫ টন এসি, ২ (দুই) টি স্ক্যানার, ২ (দুই) টি নেটওয়ার্ক প্রিন্টার (১ টি রঙ্গিন ও ১ টি সাদাকালো) এবং ওয়াই-ফাই সিস্টেম সহ পরিসংখ্যান ভবনের ৪র্থ তলার ৪১৩ ও ৪১৪ নং কক্ষে একটি আধুনিক ওয়ার্কস্টেশন প্রস্তুত করা হয়েছে।
(৫)	'ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন' সফটওয়ার এর মোবাইল অ্যাপস প্রস্তুত করণ;	'BBS Publications' শিরোনামে একটি মোবাইল অ্যাপস প্রস্তুত করে google playstore-এ আপলোড করা হয়েছে।
(৬)	সিটি কর্পোরেশন, বিভাগ, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন-এর মূল ও সংশোধিত বাৎসরিক বাজেটের তথ্যাবলী অনলাইনে এন্ট্রি ও জিডিপি প্রস্তুতের আউটপুট টেবিল প্রস্তুতের করণ;	সিটি কর্পোরেশন, বিভাগ, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন-এর মূল ও সংশোধিত বাৎসরিক বাজেট-এর তথ্যাবলী অনলাইনে ডাটা এন্ট্রি ও জিডিপি প্রস্তুতের আউটপুট টেবিল প্রস্তুতের জন্য **'বাজেট ম্যানেজমেন্ট সিস্টেম'** শিরোনামে একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সফটওয়ার-টি বিবিএস ওয়েব-সাইট-এ লিংক প্রদান করা আছে যার লিংক: http://203.112.218.73:8086/
(৭)	বিবিএস এর এগ্রিকালচার উইংয়ের ক্লাস্টার (দাগগুচ্ছ) ডকুমেন্ট ডিজিটাইজ করণ এবং ডিজিটাইজকৃত ডকুমেন্টগুলি ডাটবেজ এ সংরক্ষণ, ব্রাউজিং ও সার্চিং সিষ্টেমসহ ওয়েব-বেইজড সফটওয়ার প্রস্তত করণ;	বিবিএস এর ১০,৫০০ (দশ হাজার পাঁচশত)-টি ক্লাস্টার (দাগগুচ্ছ) ডকুমেন্ট ডিজিটাইজ করে ডাটবেজ এ সংরক্ষণ, ব্রাউজিং ও সার্চিং সিষ্টেমসহ **'ক্লাস্টার-২০০৯'** শিরোনামে একটি ওয়েব-বেইজড সফটওয়ার প্রস্তত করা হয়েছে। বর্তমানে সফটওয়ার-টি বিবিএস ওয়েব-সাইট-এ লিংক প্রদান করা আছে যার লিংক: http://203.112.218.73:8085/
(৮)	ডিজিটাইজকৃত প্রকাশনাসমূহ-কে ই-বুক	ডিজিটাইজকৃত প্রকাশনাসমূহ-কে ই-বুক সিস্টেমে রুপান্তর করে

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(১)	(২)	(৩)
	ফরমেটে রুপান্তর করে 'ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন' সফটওয়ার-এ সংযোজন করণ;	**'ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন'** শিরোনামে প্রস্তুতকৃত ওয়েব বেইজড সফটওয়ার-এ সংযোজন করা হয়েছে।
(৯)	বিবিএস, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;	প্রস্তুতকৃত সফটওয়ার গুলি পরিচালনার জন্য বিবিএস, তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মোট ২০২ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৬। প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই। তবে ডুপ্লিকেশন এড়ানোর জন্য পপুলেশন ক্লক ডিসপ্লে এবং এ সংক্রান্ত মোবাইল এপ্লিকেশন প্রস্তুত করা হয় নাই। এখাতে বরাদ্দকৃত টাকা সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করা হয়েছে।

১৭। মূল্যায়ন পদ্ধতিঃ (প্রকল্পটির সমাপ্ত মুল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে)

০১) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

০২) পরিদর্শন প্রতিবেদন;

০৩) পিসিআর তথ্য পর্যালোচনা;

০৪) কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

০৫) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৮. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৯. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

২০. মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

২০.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

২০.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

২১। অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ

নিরীক্ষার সময়	নিরীক্ষার রিপোর্ট জমা দেওয়ার তারিখ	প্রধান ফলাফল/আপত্তি	আপত্তি সমাধান হয়েছে কিনা?
(১)	(২)	(৩)	(৪)
প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। আগামী ফেব্রয়ারি, ২০২০ মাসে নিরীক্ষা কার্যক্রম সমাপ্ত হবে।			

২২। **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৬-১২-২০১৯ খ্রি. খ্রি. তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর পরিচালক মোঃ মোশারফ হোসেন কর্তৃক আলোচ্য প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা পরিদর্শনকালে উপস্থিত ছিলেন।

২২.১ স্বাধীনতার পর হতে বিবিএস-এর জরিপ ও শুমারীর প্রকাশনাসমূহ ডিজিটাইজ করে একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে এবং এতে সার্চিং অপসন সংযোজন করা হয়েছে মর্মে জানা গেছে।

২২.২ বিবিএস এর বিভিন্ন তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান হতে অনলাইনে সেকেন্ডারি ডাটা সংগ্রহ/এন্ট্রি করে পরিসংখ্যান বর্ষগ্রন্থ ও পরিসংখ্যান পকেটবুক এর টেবিলসমূহ প্রস্তুত করার জন্য একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে।

২২.৩ ২৫ জন কর্মকর্তার জন্য আধুনিক প্রযুক্তি ও ওয়াই-ফাই সিস্টেমসহ একটি আধুনিক ওয়ার্কস্টেশন প্রস্তুত করা হয়েছে।


২২.৪ ডিজিটাইজকৃত জরিপ ও শুমারীর প্রকাশনাসমূহ ব্যবহারকারীদের নিকট উপস্থাপনের জন্য একটি মোবাইল অ্যাপস (অ্যান্ড্রয়েড, আইওএস এবং উইন্ডোজ) প্রস্তুত করে Google Play store-এ আপলোড করা হয়েছে।

২২.৫ স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের (সিটি কর্পোরেশন, বিভাগ, জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন)-এর মূল ও সংশোধিত বাৎসরিক বাজেট-এর তথ্যাবলী অনলাইনে ডাটা এন্ট্রি ও জিডিপি প্রস্তুতের আউটপুট টেবিল প্রস্তুতের জন্য একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে।

২২.৬ প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী এগ্রিকালচার উইং, বিবিএস-এর ক্লাস্টার (দাগগুচ্ছ) ডকুমেন্ট ডিজিটাইজ করা এবং ডিজিটাইজকৃত ক্লাস্টার ডকুমেন্টগুলি ডাটাবেজ-এ সংরক্ষণ, ব্রাউজিং সিষ্টেমসহ একটি ওয়েব বেইজড সফটওয়ার প্রস্তত করা হয়েছে।

২২.৭ ইতিপুর্বে ডিজিটাইজকৃত বিবিএস প্রকাশনাসমূহ-কে ই-বুক সিস্টেমে রুপান্তর করা এবং 'ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন' শিরোনামে প্রস্তুতকৃত ওয়েব বেইজড সফটওয়ার-এ সংযোজন করা হয়েছে।

২২.৮ প্রস্তুতকৃত সফটওয়ার গুলি পরিচালনার জন্য বিবিএস ও তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান ও পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২ জন কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




চিত্র: আলোচ্য প্রকল্পের আওতায় পরিসংখ্যান ভবনের চতুর্থ তলার ব্লক-১ এ অবস্থিত কম্পিউটার উইংয়ের ৪১৩ ও ৪১৪ নং কক্ষে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ২৫ (পঁচিশ) জন কর্মকর্তাদের জন্য একটি ওয়ার্কস্টেশন স্থাপন করা হয়েছে।

২৩.০ প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ

২৩.১ প্রকল্পটি এপ্রিল, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ৬৮৬.০০ লক্ষ টাকা । প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। ১ম সংশোধনে প্রকল্প মেয়াদকাল ১বছর বৃদ্ধি করা হয় এবং ব্যয় বৃদ্ধি করে ৭৩৪.০০ লক্ষ টাকা করা হয়। এছাড়া ২য় সংশোধনীতে মেয়াদকাল ১ বছর বৃদ্ধি করে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত করা হয় এবং প্রাক্কলিত ব্যয় কমিয়ে ৭০০.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। ফলে মূল ব্যয় হতে প্রকৃত ব্যয় হ্রাস-বৃদ্ধি হয় এবং মূল সময় হতে প্রকৃত সময় ২ বছর বৃদ্ধি পায়। এভাবে বারবার প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয়।

২৩.২ প্রকল্পটির মাধ্যমে ২৫ জন কর্মকর্তার জন্য ওয়াই-ফাই সিস্টেমসহ একটি আধুনিক ওয়ার্কস্টেশন প্রতিষ্ঠা করা হয়েছে এবং কয়েকটি ওয়েব-বেইজড সফটওয়ার প্রস্তুত করা হয়েছে। বর্তমানে প্রস্তুতকৃত আধুনিক ওয়ার্কষ্টেশন-টি বিবিএস এর কম্পিউটার উইং সকল অনলাইন ডাটা এন্ট্রির কাজে ব্যবহৃত হচ্ছে, এছাড়া প্রকল্পটির মাধ্যমে প্রস্তুতকৃত ওয়েব বেইজইড সফটওয়ারগুলি বিবিএস সঠিকভাবে ব্যবহার করলে স্বল্প সময়ে প্রকাশনাসমূহ প্রকাশ করতে পারবে।

২৩.৩ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু সম্পাদিত প্রশিক্ষনের সুফল বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২৩.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে চারবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।

২৩.৫ প্রকল্পটির কোন অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি মর্মে পরিদর্শনকালে জানা গেছে।

২৪.০ সুপারিশঃ

২৪.১। প্রকল্পটি এপ্রিল, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ৬৮৬.০০ লক্ষ টাকা । প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। ফলে মূল ব্যয় হতে প্রকৃত ব্যয় হ্রাস-বৃদ্ধি হয় এবং মূল সময় হতে প্রকৃত সময় ২ বছর

বৃদ্ধি পায়। এভাবে বারবার প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয়। ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ এ ধরনের প্রকল্প সংশোধনের সংস্কৃতি পরিহার করতে হবে;

২৪.২। বিবিএস এর প্রকাশনাসমূহ ডিজিটাইজ করার জন্য নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি অনুযায়ী ওয়ারেন্টি সময়ের মধ্যে সম্পাদিত সকল কাজ সময় মতো ও সঠিকভাবে বুঝিয়ে নিতে হবে। এ বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখবে;

২৪.৩। প্রকল্পটির মাধ্যমে প্রস্তুতকৃত ওয়েব বেইজইড সফটওয়ারগুলিকে সঠিকভাবে ব্যবহার করার উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;

২৪.৪। প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত বিভিন্ন প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে রাজস্ব বাজেটের আওতায় ভবিষ্যতে প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৪.৫। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে; এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের পক্ষ থেকে সজাগ থাকতে হবে;

২৪.৬। প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে; এবং

২৪.৭। অনুচ্ছেদ ২৪.১-২৪.৬ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকায়ন এবং শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)

১.০ প্রকল্পের নাম : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকায়ন এবং শক্তিশালীকরণ **(১ম সংশোধিত)** শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২.০ উদ্যোগী মন্ত্রণালয় : পরিকল্পনা মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪.০ প্রকল্প এলাকা : পরিসংখ্যান ভবন, ১১তলা, ব্লক-এ, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

৫.০ প্রক্কলিত ব্যয় :

প্রাক্কলিত ব্যয়	:	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
৫.১ মূল	:	৩২৭.০০	৩২৭.০০	-	
৫.২ ১ম সংশোধিত অনুমোদিত	:	২৮০.০০	২৮০.০০	-	(-) ৪৭.০০

বাস্তবায়নকাল	:	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত	:	০১ এপ্রিল, ২০১৭	৩০ জুন, ২০১৮
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	০১ এপ্রিল, ২০১৭	৩১ ডিসেম্বর, ২০১৮

৭.০ সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ পটভূমি :

- সরকারি পরিসংখ্যানের ক্রমাগত চাহিদা বৃদ্ধির সাথে সাথে জাতীয় পরিসংখ্যান পদ্ধতির আধুনিকায়ন অপরিহার্য হয়ে পড়েছে;
- সাম্প্রতিক বছরসমূহে উন্নয়নশীল দেশসমূহ ও উন্নয়ন সহযোগীরা জাতীয় পরিকল্পনার মূল স্রোতে সরকারি পরিসংখ্যানকে সন্নিবেশ করতে কৌশলগত পদ্ধতিকে অগ্রাধিকার প্রদান করছে;
- বাংলাদেশ সরকারও সরকারি পরিসংখ্যান প্রস্তুতে শক্তিশালী পরিসংখ্যান পদ্ধতির বিষয়ে গুরুত্বারোপ করে আসছে;
- জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-কে অন্যান্য সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাসহ অংশীজনদের সাথে সমন্বিত সরকারি পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে;
- জাতীয় পরিসংখ্যান পদ্ধতি ও বিবিএস-এর নিয়ন্ত্রক হিসেবে নীতিমালা প্রণয়ন, কার্যপঞ্জী প্রণয়ন, দায়িত্ব বণ্টন ও আধুনিক ধারণার সন্নিবেশ করতে আন্তর্জাতিক অন্যান্য পরিসংখ্যান সংস্থার অভিজ্ঞতা অর্জন জরুরি;

- সরকারি পরিসংখ্যান ব্যবস্থাপনার আধুনিক ধ্যান-ধারণার আলোকে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে ঢেলে সাজাতে এ প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২ উদ্দেশ্য:

- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে আধুনিকায়ন ও শক্তিশালীকরণ;
- সমন্বিত পরিসংখ্যান পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ, শিক্ষা সফর, সেমিনার ও কর্মশালার মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি;
- পরিসংখ্যান ভবনের প্রধান ফটক ও প্রাচীরের নকশা পুনঃপ্রস্তুত এবং তা পুন:র্নিমাণ;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তথ্য-যোগাযোগ প্রযুক্তি অবকাঠামোর উন্নয়ন।

৭.৩ অনুমোদন পর্যায়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আধুনিকায়ন এবং শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পটি মোট ৩২৭.০০ লক্ষ টাকা (তিন কোটি সাতাশ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে ০১ এপ্রিল ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক বিগত ০১-০৫-২০১৭ তারিখে অনুমোদিত হয়।

৭.৪ ১ম সংশোধন: পরিসংখ্যান ভবনের প্রধান ফটকের নকশা পুন:নির্ধারণ এবং কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ও বিদেশ প্রশিক্ষণ, সেমিনারে অংশগ্রহণ; জাতির পিতার ম্যুরাল ও মুক্তিযুদ্ধের টেরাকোটা স্থাপনের লক্ষ্যে প্রকল্পটির বাজেট ৩২৭.০০ লক্ষ টাকার স্থলে ২৮০.০০ লক্ষ টাকাসহ বাস্তবায়নকাল ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়। যা মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০২-০৫-২০১৮ তারিখে অনুমোদিত হয়।

৮.০ প্রকল্পটির মূল কার্যক্রম:

৮.১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন পরিসংখ্যান ভবনের নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে প্রধান ফটক ও সীমানা প্রাচীর নির্মাণ;

৮.২ সরকারি জাতীয় গুরুত্বপূর্ণ পরিসংখ্যান ভিত্তিক তথ্য-উপাত্ত ও সাম্প্রতিক অর্জন প্রচারের লক্ষ্যে ওয়াল বোর্ড এবং পপুলেশন ক্লকের হার্ডওয়্যার স্থাপন;

৮.৩ পরিসংখ্যান ভবনে জাতির পিতার ম্যুরাল স্থাপন;

৮.৪ কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ, শিক্ষা সফর, সেমিনার ও কর্মশালা আয়োজন;

৮.৫ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তথ্য-যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত যন্ত্রপাতি ক্রয়;

৮.৬ সুষ্ঠুভাবে সভা সম্পাদন এবং দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কনফারেন্স টেবিল, কনফারেন্স সিস্টেম এবং ফার্নিচার ক্রয়।

৯.০ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি (মন্ত্রণালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে):

লক্ষ টাকা

অর্থনৈতিক কোড	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রক্কলন		ডিসেম্বর, ২০১৮ অর্থাৎ প্রকল্প সমাপ্ত পর্যন্ত মোট অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩১১১৩২৭	অধীকাল ভাতা		২.৮০		২.৭৬
৩২১১১২০	টেলিফোন/ মোবাইল		০.৮৫		০.৫০
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারী		৩.৭৫		৩.৪৪
৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী		২.০০		০.৫৪
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়		১.৫০		১.৪৭
৩২৩১৩০১	প্রশিক্ষণ		১০২.০০		৯১.০৯
৩২১১১১১	সেমিনার/কনফারেন্স		৬.০০		৫.২০
৩২১১১০৬	আপ্যায়ন খরচ		৫.০০		৩.৩৩
৩২১১১০৯	অনিয়মিত শ্রমিক		০.৬০		০.৪৩
৩১১১৩৩২	সম্মানী বা পারিতোষিক		৭.০০		৪.৫০
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী		৩.৩০		২.৫৩
৩২১১১০৭	হায়ারিং চার্জ		১৬.৬০		১৫.৬৭
৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি		২.৬০		২.৫৭
	মোট রাজস্ব ব্যয়		১৫৪.০০		১৩৪.০৩
৪১১১২০১	অফিস বিল্ডিং		৫৮.০০		৫৭.১৩
৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক		২৪.০০		২০.৪০
৪১১২৩১০	অফিস সরঞ্জাম		১৫.০০		১৩.৫৬
৪১১২৩১৪	ফার্নিচার		১৫.০০		১০.৬৭
৪১১২৩০৪	প্রকৌশলী ও অন্যান্য সরঞ্জামাদি		১৪.০০		১২.৯৩
	মোট মূলধন ব্যয়		১২৬.০০		১১৪.৬৯
	মোট		২৮০.০০		২৪৮.৭২

১০.০ উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২৪৮.৭২ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের **৮৮.৮২**% শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	**মূল দপ্তর ও পদবি**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত)**
জনাব এবিএম জাকির হোসাইন	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অতিরিক্ত সচিব	২৭ মে ২০১৭ হতে ৩০ আগস্ট ২০১৮	অতিরিক্ত
ড. দিপংকর রায়	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপসচিব	৩১ আগস্ট ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০১৮	অতিরিক্ত

১২.০ বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্খিত অগ্রগতি না হলে প্রকল্প পরিচালকে ব্যাখ্যা)	**অর্থবছর**	পরিকল্পিত লক্ষ্যমাত্রা	অগ্রগতি		**মন্তব্য**
		মূল ডিপিপি অনুযায়ী	এডিপি বরাদ্দ	ব্যয়	সংশোধিত ডিপিপি অনুযায়ী ব্যয় হয়েছে
	২০১৬-১৭	৯২.২২		-	
	২০১৭-১৮	২৩৭.৭৮	৩২৭.০০	১৫৭.৪৬	
	২০১৮-১৯		১২২.০০ **(এডিপি)**	৯১.২৬	
	মোট:			২৪৮.৭২	
	প্রকল্প পরিচালকের ব্যাখ্যা: প্রকল্পটি সফলভাবে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের অনুকূলে পরিসংখ্যান ভবনের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ করা হয়েছে। বছরভিত্তিক বাজেট অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় পুরোপুরিভাবে করা না গেলেও সকল কার্যক্রম সফলভাবে শেষ করা হয়েছে। যা পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ব্যবস্থা জোরদার, তথ্য উপাত্ত প্রদর্শন, সৌন্দর্য বৃদ্ধি এবং দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। দাপ্তরিক কাজে গতিশলীতা বৃদ্ধির জন্য এ ধরণের প্রকল্প গ্রহণ করা প্রয়োজন।				

১৩.০ অনুমোদিত ক্রয় পরিকল্পনার বিপরীতে অগ্রগতি			**প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যানুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার পরিপ্রেক্ষিতে বছরভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ (লক্ষ টাকায়)**			
অর্থবছর	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		এডিপি বরাদ্দ	বাস্তবায়ন অগ্রগতি		**মন্তব্য**
	কাজ	পরিমাণ		পরিমাণ	আর্থিক	
২০১৬-১৭						
২০১৭-১৮	কম্পিউটার	২৩	৩৮.৬০	২০	৩৮.৫৬	
	লেজার প্রিন্টার	০৭		৭		
	স্ক্যানার	১৫		৭		
	কনফারেন্স সিস্টেম	১		১		
	পপুলেশন ক্লক, ফটোকপিয়ার ও অন্যান্য	৫		২		
	ফার্ণিচার	লট		২ লট		

	ডেকোরেশন এবংঅন্যান্য					
২০১৮-১৯						
	কম্পিউটার	৫	২৯.৪০	৩	১৯.৬৪	
	প্রিন্টার	০৩		৩		
	অফিস সরঞ্জাম			৭		
	ফার্ণিচার	১৭		৩		
	অন্যান্য প্রকৌশলী	১		১		
	মোট		৬৮.০০		৫৮.২০	

১৪. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৫. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৬. মনিটরিং: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৭. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

১৮.০ মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

১৮.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১৮.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

১৯.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা:

গত ১৭ নভেম্বর, ২০১৯ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের মূল কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

১৯.১ পরদির্শনকালে দেখা যায় যে, পরিসংখ্যান ভবনের নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে প্রধান ফটক ও সীমানা প্রাচীর নির্মাণ, এবং নিরাপত্তা কাজে নিয়োজিত আনসারদের কক্ষ ডিজাইন অনুযায়ী সঠিকভাবে তৈরী করা হয়েছে;

১৯.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৫ টি ব্যাচে মোট ৩৫ জন কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৭ টি ব্যাচে মোট ২২১ জন কর্মচারীদের নথি ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, গভর্ণমেন্ট রুলস এন্ড রেগুলেশন, আধুনিক অফিস ব্যবস্থাপনা, গুড গভর্নেন্স, এসডিজি ইত্যাদি বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া শিক্ষা সফর, সেমিনার ও কর্মশালা আয়োজনের মাধ্যমেও কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা হয়েছে।

১৯.৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সরকারি জাতীয় গুরুত্বপূর্ণ পরিসংখ্যান ভিত্তিক তথ্য-উপাত্ত ও সাম্প্রতিক অর্জন প্রচার ও প্রসারের লক্ষ্যে পরিসংখ্যান ভবন এবং এর সীমানা প্রাচীরে ওয়াল বোর্ড এবং পপুলেশন ক্লকের হার্ডওয়্যার সঠিকভাবে স্থাপন করা হয়েছে;

১৯.৪ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক অনলাইনে নথি ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য চাহিদা অনুযায়ী কম্পিউটার, প্রিন্টার এবং স্ক্যানার ক্রয় করা হয়েছে।

১৯.৫ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিভিন্ন সভা অনুষ্ঠানের লক্ষ্যে বিবিএস এর কনফারেন্স কক্ষ্যে আধুনিক কনফারেন্স সিস্টেম উন্নতমানের কনফারেন্স টেবিল ও চেয়ার দিয়ে সাজানো হয়েছে।

১৯.৬ পরিসংখ্যান ভবনের সম্মুখে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতার ম্যুরাল স্থাপন করা হয়েছে।

১৯.৭ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ প্রকল্পের আওতায় কম্পিউটার, প্রিন্টার, ফটোকপিয়ার, স্ক্যানারসহ অন্যান্য আইসিটি সামগ্রী PPA 2006 এবং PPR-2008 এর আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ পূর্বক সংগ্রহ করা হয়েছে।

২০.০ <u>প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ</u>

২০.১ প্রকল্পটি সংশোধনের মাধ্যমে মেয়াদকাল ৬ (ছয়) মাস বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

২০.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে দুইবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।

২০.৩ এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু সম্পাদিত প্রশিক্ষনের সুফল বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২০.৪ প্রকল্পটির কোন অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি মর্মে পরিদর্শনকালে জানা গেছে।

২১.০ সুপারিশঃ

২১.১ প্রকল্প সংশোধন বা আন্তঃখাত সমন্বয়ের ধারা পরিহার করা বাঞ্ছনীয়; ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২১.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে দু'বার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এবং প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২১.৩ প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক; এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত দেশ-বিদেশের প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথভাবে কাজে লাগিয়ে রাজস্ব বাজেটের আওতায় ভবিষ্যতে প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

২১.৪ প্রকল্পের ২০১৬-১৭, ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরের অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

২১.৫ অনুচ্ছেদ ২১.১-২১.৪ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।